# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 08, 1430 Bangla, January 22, 2024, Monday, No. 22, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina while inaugurating the month-long Dhaka International Trade Fair, asks the exporters to be more careful to bring back the money and maintain balance in import and export.
(R. Today: 13; VOA: 08)

AL GS Obaidul Quader has said if the BNP tries to carry out violence in the name of political movement, his party will counter it politically. Adds, the government is not waitting for anyone's recognition.
(R. Today: 14)

Law, Justice and Parliamentary Affairs Minister Anisul Haque has informed that the United States has asked to simplify the rules for forming labor unions. (R. Today: 14)

Foreign Minister Dr. Hasan Mahmud has requested UN Secretary General Antonio Guterres to keep the Rohingya issue at the top of UN agenda. (VOA: 08)

BNP SJSG Ruhul Kabir Rizvi has commented that the govt. is trying to reach every country to get their support. (Jago FM: 17)

BNP announces nationwide black flag processions on January 26 and 27 to demand release of all leaders including Khaleda Zia, dissolution of parliament, and to protest higher commodity prices. (R. Today: 13)

The post-election violence has left the Awami League concerned. If this violence creates permanent divisions at the grassroots, it might have a big impact on the upcoming upazila elections. (DW: 11)

Chinese Ambassador to Bangladesh Yao Wen has said he expects more cooperation in projects, trade and finance with Bangladesh. (Jago FM: 19)

People of Chattogram, Gazipur and Narayanganj are suffering greatly due to disruption of gas supply. Various factories are also affected. Crisis will be solved soon- hopes the State Minister for Energy.
(R.Tehran: 10)

Experts fear if the current gas crisis is not resolved before the onset of summer, the production of electricity will decrease significantly. (BBC: 03)

The number of corona patients is increasing again in the country. In the last 24 hours, 34 new cases have been reported and one person has died. (Jago FM: 19)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৮, বাংলা ১৪৩০, জানুয়ারি ২২, ২০২৪, সোমবার, নং- ২২, ৫৪তম বছর**

# শিরোনাম

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা । এ সময় তিনি রপ্তানিতে ব্যবহৃত অর্থ ফেরত আনতে এবং আমদানি-রফতানিতে ভারসাম্য বজায় রাখতে সতর্ক হওয়ার জন্য রপ্তানিকারকদের প্রতি আহ্বান জানিয়েছেন। (রে. টুডে: ১৩; ভোয়া: ০৮)

বিএনপি আন্দোলনের নামে নাশকতার চালালে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে তা মোকাবেলা করবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি আরো বলেন, কারো স্বীকৃতির জন্য বসে নেই সরকার। (রে. টুডে: ১৪)

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন , কলকারখানাগুলোতে শ্রমিক সংগঠন করার বিধান আরো সহজ করতে বলেছে যুক্তরাষ্ট্র। (রে. টুডে: ১৪)

রোহিঙ্গা ইস্যুকে জাতিসংঘের আলোচ্যসূচির শীর্ষে রাখার জন্য জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের প্রতি অনুরোধ জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (ভোয়া: ০৮)

সরকার সমর্থন পেতে দেশে দেশে ধরনা দিচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। (জাগো এফএম: ১৭)

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদে এবং দ্বাদশ জাতীয় সংসদ বাতিলের দাবিতে আগামী ২৬ ও ২৭ জানুয়ারি দেশব্যাপী দুই দিনের কালো পতাকা মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। (রে. টুডে: ১৩)

নির্বাচন পরবর্তী সহিংসতা আওয়ামী লীগকে ভাবনায় ফেলে দিয়েছে। এই সহিংসতা তৃ ণমূলে স্থায়ী বিভেদ তৈরি করলে তা আগামী উপজেলা নির্বাচনে বড় প্রভাব ফেলতে পারে। (ডয়েচে ভেলে: ১১)

'চীনের কাছে বাংলাদেশ খুবই গুরুত্বপূর্ণ '- উল্লেখ করে দেশটির রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, বাংলাদেশের আর্থিক খাতের কাজ চীন এগিয়ে নিতে চায় । (জাগো এফএম: ১৯)

গ্যাস সরবরাহ বিঘ্নের কারণে চট্টগ্রাম গাজীপুর এবং নারায়ণগঞ্জের মানুষ চরম ভোগান্তিতে পড়েছে। শিল্পাঞ্চলেও গ্যাস সরবরাহ ব্যাহত হওয়ার প্রভাব পড়ছে বিভিন্ন কারখানায়। অচিরেই সংকটের সমাধান হবে- আশা জ্বালানি প্রতিমন্ত্রীর । (রেডিও তেহরান: ১০)
বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন, গরমকাল শুরু হওয়ার আগেই বর্তমান গ্যাস সংকটের সমাধান করতে না পারলে বিদ্যুতের উৎপাদন উল্লেখযোগ্য হারে কমে যাবে। (বিবিসি: ০৩)

দেশে ফের বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা । গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩৪ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে এবং করোনায় একজনের মৃত্যু হয়েছে। (জাগো এফএম: ১৯)

# বিবিসি

## গ্যাস সংকটের প্রভাব পড়ছে বিদ্যুতেও গরমে পরিস্থিতি আরও খারাপ হবে?

বাংলাদেশের চলমান গ্যাস সংকটের প্রভাব এবার বিদ্যুৎ খাতেও পড়তে শুরু করেছে। আগামী গ্রীষ্মে বিদ্যুতের চাহিদা যখন বাড়বে তখন এই সংকট আরও ব্যাপক আকার নিতে পারে বলেও আশঙ্কা দেখা দিয়েছে। গ্যা সভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলোর উৎপাদন কমে যাওয়ায় কিছু এলাকায় বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে বলে শনিবার এক ফেসবুকে পোস্টে সতর্ক করে দিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। শীতকালে বিদ্যুতের চাহিদা কম থাকার পরও যেখানে বিদ্যুৎ বিভ্রাটের কথা বলা হচ্ছে, সেখানে আসছে গরমে পরিস্থিতি কোন পর্যায়ে পৌঁছাতে পারে, সেটা নিয়ে সাধারণ মানুষের মধ্যে একটা উদ্বেগ তৈরি হয়েছে। বিশেষজ্ঞরাও আশঙ্কা করছেন, গরমকাল শুরু হওয়ার আগেই বর্তমান গ্যাস সংকটের সমাধান করতে না পারলে বিদ্যুতের উৎপাদন উল্লেখযোগ্য হারে কমে যাবে। এর ফলে সৃ ষ্ট বিদ্যুৎ বিভ্রাটে বাসা-বাড়ির ভোগান্তি ছাড়াও শিল্পকারখানার উৎপাদন কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হতে পারে বলেও আশঙ্কা করছেন তারা। সরকারও বিষয়টি অনুধাবন করতে পারছে। কাজেই পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে একাধিক 'বিকল্প উপায় ভাবা হচ্ছে' বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বাসা-বাড়ি, কলকারখানার পর গ্যাস সংকটে এবার বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়ার আশঙ্কার কথা জানিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। শনিবার এক ফেসবুক পোস্টে তারা বলেছে যে, কারিগরি ত্রুটির কারণে কক্স বাজারের মহেশখালীতে ভাসমান এলএনজি টার্মিনাল থেকে সরবরাহে বিঘ্ন ঘটছে। ফলে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কিছুটা কমেছে। "এই পরিস্থিতিতে দেশের কিছু কিছু এলাকাতে খুবই স্বল্প সময়ের জন্য বিদ্যুৎ বিভ্রাট হতে পারে। সম্মানিত গ্রাহকদের অনাকাঙ্ক্ষিত অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত", বলছে মন্ত্রণালয়।

বস্তুত বাংলাদেশে পরিচালিত গ্যাসবিদ্যুৎকেন্দ্র গুলোর প্রায় ২০ শতাংশ জ্বালানিই বিদেশ থেকে আমদানি করা হয়। আমদানিকৃত এলএনজি রিগ্যাসিফিকেশনের পর পাইপলাইনের মাধ্যমে জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়। এই লক্ষ্যে কক্সবাজারের মহেশখালীতে দু'টি ভাসমান টার্মিনাল রাখা হয়েছে, যেগুলো ফ্লোটিং স্টোরেজ রিগ্যাসিফিকেশন ইউনিট বা এফএসআরইউ নামেই বেশি পরিচিত। সংস্কারজনিত কারণে জাহাজ দু'টির একটি গত নভেম্বর থেকে সরবরাহ বন্ধ রেখেছে। আর কারিগরি ত্রুটির কারণে গত শুক্রবার অন্যটি থেকেও গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যায়। এতে আকস্মিকভাবেই জাতীয় গ্রিডে গ্যাসের সরবরাহ কমে যায়। বিশেষ করে বন্দরনগরী চট্টগ্রামে গ্যাসের সরবরাহ প্রায় পুরোপুরিই বন্ধ হয়ে যায়। পাশাপাশি ঐ এলাকার বিদ্যুৎ কেন্দ্রগুলোতেও এর প্রভাব পড়ে। এ অবস্থায় গ্রাহকদেরকে বিদ্যুৎ বিভ্রাটের আশঙ্কার কথা জানানো হয়েছি ল বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন পাওয়ার সেলের মহাপরিচালক প্রকৌশলী মোহাম্মদ হোসাইন। তবে শনিবার রাতেই কারিগরি ত্রুটির সমাধান করা হয়েছে। ফলে আপাতত বিদ্যুৎ বিভ্রাটের আশঙ্কা নেই বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন মি. হোসাইন। "বিদ্যুৎ বিভ্রাটের ঘোষণা দেওয়া হলেও তেমন কিছু আসলে ঘটেনি। তার আগেই সমস্যার সমাধান করা হয়েছে", বিবিসি বাংলাকে বলেন তিনি।

যদিও পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশের তথ্যে দেখা যাচ্ছে শনিবার সন্ধ্যা পর্যন্ত দেশে প্রায় ৭০০ মেগাওয়াট লোডশেডিং হয়েছে। পেট্রোবাংলাও নিশ্চিত করেছে যে, ফ্লোটিং স্টোরেজ ও রিগ্যাসি ফিকেশন ইউনিট থেকে আবার জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ শুরু হয়েছে। তবে পূর্ণ মাত্রায় গ্যাস সরবরাহ করতে আরও একটু সময় লাগবে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন পেট্রোবাংলার পরিচালক (অপারেশন অ্যান্ড মাইন্স) কামরুজ্জামান খান। শীতকালে বাংলাদেশে এমনিতেই বিদ্যুতের চাহিদা কম থা কে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের তথ্যে দেখা যাচ্ছে, বর্তমানে দৈনিক গড়ে দশ হাজার মেগাওয়াট বিদ্যুতের চাহিদার বিপরীতে উৎপাদন করা হচ্ছে প্রায় এগারো হাজার মেগাওয়াট। কিন্তু গরমকালে এই চাহিদা ব্যাপক পরিমাণে বেড়ে যাবে।

এর আগে গরমকালে সাধারণত ১৬ থেকে ১৭ হাজার মেগাওয়াটের মতো বিদ্যুতের চাহিদা দেখা গেলেও এবার সেটি সাড়ে ১৭ হাজার মেগাওয়াটের উপরে চলে যেতে পারে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বিপুল পরিমাণ এই বিদ্যুতের মধ্যে অর্ধেকেরও বেশি আসে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলো থেকে। পেট্রোবাংলার হিসেবে বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাসের চাহিদাই হবে এবার দেড় হাজার মিলিয়ন ঘটফুটের মতো। তবে উৎপাদন সক্ষমতা অনুযায়ী গ্যাস-ভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের সার্বিক চাহিদা হলো ২২৪০ এমএমসিএফডি। বর্তমানে দেশের বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রে সরবরাহ করা হ চ্ছে সাড়ে সাতশ-আটশ এমএমসিএফডি গ্যাস। অর্থাৎ গ্যাস-ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলোতে গ্যাসের যে চাহিদা রয়েছে সেটির বিপরীতে সরবরাহ করা হচ্ছে ৪০ শতাংশের মতো। কাজেই গ্যাসের বর্তমান সংকট চলমান থাকলে আসছে গ্রীষ্মকালে বিদ্যুৎ বিভ্রাট প্রকট আকার ধারণ করতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। "গরমকালে স্বাভাবিকভাবেই বিদ্যুতের চাহিদা ব্যাপক বেড়ে যাবে। তখন যদি এই গ্যাসের সমস্যা থাকে, তাহলে গরমকালে বিদ্যুৎ বিভ্রাট প্রকট হবে এবং বিভিন্ন ক্ষেত্রে ডেফিনেটলি সেটার একটা নেতিবাচক ইফেক্ট পড়বে", বিবিসি বাংলাকে বলছিলেন বিদ্যুৎ ও জ্বালা নি বিশেষজ্ঞ অধ্যাপক ম তামিম। এ পরিস্থিতি তৈরি হওয়ার জন্য সরকারের নীতিকেই দায়ী করছেন আরেক জ্বালানি বিশেষজ্ঞ শামসুল আলম। "আমদানি করবো বলে আমরা নিজেদের গ্যাসক্ষেত্রগুলো অবহেলা করলাম। এখন শীতকালে চাহিদা কম থাকার পরও আমরা গ্যাসের অভাবে বিদ্যুৎ উৎপাদন করতে পারছি না", বিবিসি বাংলাকে বলেন মি. আলম। বিশ্লেষকরা বলছেন,

ভুল নীতির কারণে একদিকে যেমন গ্যাসের নিজস্ব (দেশের ভিতরে) উৎপাদন কমেছে, তেমনি অন্যদিকে আমদানি নির্ভরতা বেড়েছে। এখন ডলার সংকটের কারণে অতিরিক্ত আমদানি করাও সম্ভব হচ্ছে না। ফলে আগামীতে জ্বালানি সংকট মোকাবেলা এবং আমদানি করে চাহিদা পূরণ করাই হবে দেশের বড় চ্যালেঞ্জ। "আমদানির ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি একটা স্থবিরতা আছে। ফলে এই মুহূর্তে কোনো স্বল্পকালীন সমাধান নাই। এই জ্বালানি সংকট যেটা, সেটা ডলারের সংকট না কাটলে স্বল্পকালীন কোনো সমাধান নাই," বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক তামিম।

এ অবস্থায় সরকারকে আগেভাগেই আসন্ন সংকট মোকাবেলার প্রস্তুতি নেওয়ার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা।

বাংলাদেশে সাধারণত গরমকালে সবচেয়ে বেশি বিদ্যুতের চাহিদা থাকে। এরই মধ্যে আবহাওয়াবিদরা পূর্বাভাস করেছেন যে, চলতি বছর গরমের মাত্রা আরও বাড়তে পারে। তাদে র এই বক্তব্য সত্যি হলে গ্রীষ্মে বিদ্যুতের চাহিদা এবারে আরও বাড়বে। কিন্তু বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের দেওয়া দৈনিক উৎপাদন প্রতিবেদনে দেখা যাচ্ছে, গ্যাস সংকটের কারণে এখনই ডজনখানেক বিদ্যুৎকেন্দ্রে উৎপাদন কম হচ্ছে, বেশ কয়েকটি বন্ধও রাখা হয়েছে। এমন পরিস্থিতির মধ্যে আসছে গরমকালে সরকার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে কীভাবে? "বিষয়টি আমাদের মাথায় আছে এবং আমরা সে অনুযায়ী পরিকল্পনাও করে রেখেছি", বিবিসি বাংলাকে বলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। উৎপাদন খরচ তুলনামূলক কম হওয়ায় এবার কয়লা বিদ্যু ৎ কেন্দ্রগুলোর প্রতিই সরকার বেশি গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন মি. হামিদ। "আমাদের বেজলোড কোল পাওয়ার প্ল্যান্টগুলো চলে আসছে। আমরা নিজেরা কয়লা দিয়ে বিদ্যুৎ উৎপাদন করছি, পাশাপাশি ভারত থেকেও বিদ্যুৎ নিচ্ছি। কাজেই সমস্যা হবে না" বিবিসি বাংলাকে বলেন মি. হামিদ।

বাংলাদেশে বেশ কিছু বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি হিসেবে কয়লা ব্যবহার করা হয়, যার একটি বড় অংশই আসে বিদেশ থেকে। ডলার সংকটের কারণে কয়লা আমদানি করতে না পারায় গত বছর রামপাল ও পায়রা বিদ্যুৎকেন্দ্র বেশ কিছুদিনের জন্য বন্ধও করে দেওয়া হয়েছিল। তবে চলতি বছর এখনও পর্যন্ত ক য়লার সরবরাহ ঠিকই আছে বলে জানিয়েছে সরকারের বিদ্যুৎ বিভাগ। কিন্তু ডলার সংকট বা অন্য কোনও কারণে সামনে যদি সরবরাহ ঠিক না থাকে, তখন কী হবে? "এক্ষেত্রে আমাদের বিকল্প ভরসা হচ্ছে গ্যাসভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলো" বিবিসি বাংলাকে বলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি আরও জানাচ্ছেন, "আমাদের নিজস্ব যে গ্যাস আছে, সেখানে হয়তো কিছু রেশনিং করতে হবে।"

কিন্তু দেশে ইতিমধ্যেই যেখানে বাসা-বাড়ি ও শিল্প কারখানায় চরম গ্যাস সংকট চলছে, সেখানে বিদ্যুৎ উৎপাদনে অতিরিক্ত গ্যাসের ব্যবহার কি সংকটকে আরও তী ব্রতর করবে না? "তখন আমাদের অন্য যে সোর্সগুলো আছে, যেমন সিএনজি পাম্প এবং শিল্প কারখানা - সেখানে হয়তো রেশনিং করবো। জোন ভাগ করে সে অনুযায়ী আমরা দিবো, যদি পরিস্থিতি তেমন খারাপ হয়", বিবিসি বাংলাকে বলেন মি. হামিদ। এছাড়া জ্বালানি সংকট সমাধানের জন্য সরকার বহুমুখী জ্বালানি ব্যবহার করছে বলেও জানিয়েছেন তিনি। এরই অংশ হিসেবে বিদ্যুৎ উৎপাদনে সৌর ও বায়ু বিদ্যুতের মতো বিকল্প উৎস থেকে উৎপাদন বাড়ানোর লক্ষ্যে জোর তৎপরতা চালানো হচ্ছে বলে বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২১.১.২৪ রিহাব)

## পণ্যের অগ্নিমূল্যে নাজেহাল: ক্রেতারা তাদের অধিকার সম্বন্ধে কতটা জানেন?

আগামী রমজানে পণ্যের দাম বাড়ানো হলে লাইসেন্স বাতিল-সহ নানা ধরনের আইনি ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। রোববার পাঁচটি মন্ত্রণালয়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়ার পর সন্ধ্যায় সচিবালয়ে সংবাদ সম্মেলনে এ বিষয়ে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। অর্থমন্ত্রী বলেন, "রমজানকে সামনে রেখে যেসব পণ্য প্রয়োজন তা যথেষ্ট পরিমাণে আছে। রমজানে কিছু মহল চেষ্টা করে সুযোগ নেবার ও পরিস্থিতি ঘোলাটে করার। কিন্তু পণ্যের দাম সহনীয় রাখতে সরকার চেষ্টা করছে। প্রয়োজন হলে কঠোর শা স্তিমূলক পদক্ষেপ নেয়া হবে, তবে মনে করি এখনো তেমন পরিস্থিতি হয়নি। বিভিন্ন পণ্যের দাম কমাতে পদক্ষেপ নেওয়া হচ্ছে। কিছুটা কমেছে, সামনে আরো কমবে।" মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী আব্দুর রহমান বলেন, "বাজারে কোনও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের শর্টেজ নাই। কিছু মধ্যস্বত্বভোগী আছে যাদের কারসাজিতে আমরা বিপদে পড়ি। আমরা পদক্ষেপ নিব। আইনগত ব্যবস্থা নেওয়া যাবে, প্রয়োজনে লাইসেন্স বাতিল করা হবে। সুস্পষ্টকরণ সম্পন্ন হলেই চিহ্নিত করা যাবে যে কারা এসবের সাথে জড়িত। সুতরাং একটু ধৈর্য ধরতে হবে", বলেন মি. রহমান। "বাজারে কিছুদিন আগে গরুর মাংসের দাম কমলো, কিন্তু আবার এখন বেড়েছে। আলু, পেঁয়াজের দামও যখন-তখন বাড়ায়। জানি ভোক্তা অধিদপ্তর আছে। কিন্তু এসব বাজারে তো আর ওইভাবে স্লিপ দেয় না যে অভিযোগ করবে, সেটাও একটা সময়ের ব্যাপার", বিবিসিকে বলছিলেন বেসরকারি চাকুরীজীবী জিলানী রহমান।

বাংলাদেশে হরহামেশাই ক্রেতাদের দ্রব্যমূল্য নিয়ে এমন অভিযোগ করতে শোনা যায়। বাড়তি মূল্য পরিশোধে বাজারে গিয়ে নাকাল হওয়ার গুরুতর অভিযোগও রয়েছে। অথচ ন্যায্যমূল্যে পণ্য কিনতে পারা বা সেবা পাওয়া ভোক্তার অধিকার। কিন্তু অধিকার আদায়ে ক্রেতার যাওয়ার কোনও জায়গা আছে কি? ক্রেতা কি জানেন অধিকার আদায় কীভাবে করা যায়? এসব প্ল্যাটফর্ম কতটাই বা ভোক্তার নাগালে রয়েছে? বাংলাদেশে ২০০৯ সালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন প্রণীত হয়। ক্রেতা বা ভোক্তাদের অধিকার সুরক্ষায় এ আইনের অধীনে জাতীয় ভোক্তা অধিকার

সংরক্ষণ অধিদপ্তর পরিচালিত হয়। পণ্য কিনতে গিয়ে ঠকলে বা সেবা পেতে বিড়ম্বনা হলে এই অধিদপ্তরে অভিযোগ করতে পারবেন ভোক্তারা। আইনে বলা হয়েছে, ঘটনার ৩০ দিনের মধ্যে অভিযোগ করতে হবে। নতুবা অভিযোগ গ্রহণযোগ্য হবে না। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ওয়েবসাইটে বলা হয়েছে, অভিযোগ গ্রহণের প্রক্রিয়া সম্পূর্ণ বিনামূল্যে করা যাবে। অভিযোগ প্রক্রিয়া ৬০ কার্যদিবসের মধ্যে শেষ করার কথাও বলা হয়েছে। রাজধানী ঢাকার কারওয়ান বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়। মহাপরিচালকের এ কার্যালয়ের পাশাপাশি একই ভবনে অবস্থিত জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে ও ই-মেইল বা ফোন করে অভিযোগ করতে পারবেন ভোক্তারা। এছাড়া বিভাগীয় পর্যায়েও রয়েছে অধিদপ্তরের কার্যালয়। চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুরে বিভাগীয় পর্যায়ের কার্যালয়ে অভিযোগ করা যাবে। প্রত্যেক জেলার জেলা ম্যাজিস্ট্রেটদের কাছেও অভিযোগ করেও সমাধান চাওয়া যাবে। তবে আইনটিতে বলা হয়েছে, ভোক্তা অধিকার-বিরোধী কাজের অভিযোগে কোনও ব্যক্তির বিরুদ্ধে সরাসরি প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করা যাবে না।

ভোক্তা অধিদপ্তরের মহাপরিচালক যে কর্মকর্তা বা জেলা ম্যাজিস্ট্রেট বা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা দেবেন তার কাছেই অভিযোগ করা যাবে। ভোক্তাদের অভিযোগ অবশ্যই লিখিতভাবে করতে হবে। ফ্যাক্স, ই-মেইল, ওয়েবসাইট ইত্যাদি ইলেক্ট্রনিক মাধ্যমে বা অন্য কোনও উপায়ে অভিযোগ করতে হবে। অভিযোগের সাথে পণ্য বা সেবা ক্রয়ের রশিদ সংযুক্ত করতে হবে। অধিদপ্তরের ওয়েবসাইটে বলা হয়েছে অভিযোগকারীর পূর্ণাঙ্গ নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, ফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর থাকলে তাও দিতে হবে। অভিযোগকারীর পেশা উল্লেখ করতে হবে। ওয়েবসাইটে বলা হয়েছে, ফরমের লাল তারকা চিহ্নিত ঘরগুলো পূরণ করে প্রয়োজনীয় তথ্য প্রমাণ সংযুক্ত করে জমা দিতে পারবেন অভিযোগকারী। অধিদপ্তরের ওয়েবসাইটে ১৬১২১ নামে একটি হটলাইন নম্বর এবং একটি ই-মেইল এড্রেস-ও দেওয়া হয়েছে।

এ আইনের অধীনে যেসব কাজ ভোক্তা অধিকার-বিরোধী কাজ হিসেবে বিবেচনা করা হবে সেগুলো হল সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত অর্থ আদায়, বিক্রেতা প্রতিষ্ঠানের নিবন্ধন না থাকা ইত্যাদি। এছাড়াও পণ্য গুদামজাত করা, মানহীন পণ্য উৎপাদন, পণ্যে ভেজাল, ওজনে কম, বেশি দাম নেয়া, ক্রেতার সাথে চুক্তির শর্ত ভঙ্গ হলেও ক্রেতা বা ভোক্তা অভিযোগ করতে পারবেন। সঠিক অভিযোগ নিষ্পত্তিতে অভিযোগকারী জরিমানাকৃত টাকার ২৫ শতাংশ পাবেন। আইনটিতে কোনো সেবাদানকারীর অবহেলা, দায়িত্বহীনতা বা অসতর্কতায় সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য বা জীবনহানি ঘটলে অনূর্ধ্ব তিন বছরের কারাদণ্ডেরও শাস্তি রাখা হয়েছে। এছাড়াও দুই লক্ষ টাকা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিতের বিধান রাখা হয়েছে। বিভিন্ন সময়ে বাংলাদেশে বাজার, রেস্টুরেন্ট, হোটেলসহ বিভিন্ন স্থানে ভোক্তা স্বার্থবিরোধী অভিযান করতে দেখা গেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরকে। আইন লঙ্ঘনের অভিযোগে জরিমানাও করা হয়েছে বিভিন্ন প্রতিষ্ঠানকে। কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর সভাপতি গোলাম রহমান বিবিসি বাংলাকে বলেন, "১০ বা ১৫ বছর আগেও ভোক্তারা অধিকার সম্পর্কে সচেতন ছিল না। এখন যে আইনটা আছে তার ফলে মানুষের সচেতনতা বেড়েছে। আইনটা অল কম্প্রিহেনসিভ তা বলব না। তবে একেবারে সঙ্কীর্ণ তাও নয়।" মি. রহমান বলেন, "দেশে যে হারে ভোক্তার অধিকার লঙ্ঘন হয় তার তুলনায় এখনও পর্যন্ত অভিযোগের সংখ্যা অনেক কম। জনসচেতনতা আরো বৃদ্ধি করতে হবে। আসলে আলটিমেট লক্ষ্য হওয়া উচিত একটাও যাতে অভিযোগ না হয়। ভোক্তার কোনও অধিকার যাতে লঙ্ঘিত না হয়। আইনের যে ব্যবহার তা আরও বেশি হওয়া দরকার।"

প্রতিবেশী দেশ ভারতে ক্রেতাদের স্বার্থ সুরক্ষায় 'ক্রেতা সুরক্ষা আদালত' রয়েছে। ১৯৮৬ সালে এর কার্যক্রম চালু হয়েছে। এমনকি সে দেশের বিভিন্ন রাজ্যে ক্রেতা সুরক্ষা মন্ত্রণালয় ও রয়েছে। ফলে ভোক্তাদের অধিকার অনেকটাই নিরাপদ করার ব্যবস্থা করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ২১.১.২৪ রিহাব)

## যেভাবে শুরু হয়েছিল ঢাকার আন্তর্জাতিক বাণিজ্য মেলা

বাংলাদেশের আটাশতম বারের মতো আন্তর্জাতিক বাণিজ্য মেলা শুরু হচ্ছে রোববার থেকে। দেশি-বিদেশি ক্রেতা-বিক্রেতাদের মধ্যে যোগাযোগ তৈরির উদ্দেশ্য নিয়ে জন্ম হলেও মেলাটি বাংলাদেশের ক্রেতাদের কাছে পণ্য ক্রয়ের অন্যতম জনপ্রিয় মেলায় পরিণত হয়েছে। কিন্তু যে উদ্দেশ্যে মেলাটি শুরু হয়েছিল, তা কতটা পূরণ করতে পেরেছে, তা নিয়ে অবশ্য বিতর্ক রয়েছে।

বাংলাদেশে আন্তর্জাতিক বাণিজ্য মেলার আনুষ্ঠানিকভাবে শুরু হয় ১৯৯৫ সালে। ঢাকার শেরে বাংলানগরে তখন থেকেই প্রতি বছর এ মেলা অনুষ্ঠিত হয়। ঐ বছর থেকে প্রতিবারই ঢাকার শেরে বাংলানগরে বাংলাদেশ বাণিজ্য মন্ত্রণালয় ও রফতানি উন্নয়ন ব্যুরোর উদ্যোগে শিল্প পণ্য ও ভোগ্যপণ্য নিয়ে নিয়মিত আয়োজিত হচ্ছে এ মেলা। ধীরে ধীরে এই মেলা বেশ জনপ্রিয় হয়ে ওঠে। তবে এই জনপ্রিয়তা ছিলো দেশের সাধারণ ক্রেতাদের কাছে। যারা কি না গৃহস্থালির জিনিসপত্র কিনতে মেলায় ভিড় করতেন। এ কারণে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের আগ্রহ থাকতো দেশি ক্রেতাদের কাছে পণ্য পৌঁছানো। ঢাকার মিরপুরের গৃহবধূ তুহিনা আক্তার বিবিসি বাংলাকে বলেন, ২০০১ সাল থেকে নিয়মিতই মেলায় যেতাম। গৃহস্থালির প্রয়োজনীয় জিনিসপত্রসহ, দরকারি অনেক কিছু এক জায়গায় পাওয়া যেতো। তাছাড়া, বিভিন্ন সময় ডিসকাউন্ট পাওয়া যেতে বাণিজ্য মেলায়। দেশীয় সাধারণ ক্রেতাদের কাছে বাণিজ্য মেলা

জনপ্রিয় হয়ে ওঠার পর দিন দিন মেলায় স্টল ও দেশিয় উদ্যোক্তাদের অংশগ্রহণ বাড়তে থাকে। আগে থেকে ঘোষণা থাকায় দেশীয় ব্যবসায়ী প্রতিষ্ঠানের পাশা পাশি বিদেশি অনেক দেশ ও ব্যবসায়ী উদ্যোক্তারাও আসতো বিভিন্ন পণ্য নিয়ে। ২০২১ সাল পর্যন্ত ঢাকার শেরে বাংলা নগরে অনেকটা জমজমাট ছিলো বাণিজ্য মেলা। পরে ২০২২ সালে থেকে এই বাণিজ্য মেলা রাজধানীর নারায়ণগঞ্জের রূপগঞ্জে বঙ্গবন্ধু বাংলাদেশ চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রে আয়োজিত হচ্ছে। প্রতিবছর বাণিজ্য মেলা নিয়ে বছরের শুরুতে রাজধানী ঢাকার বাসিন্দাদের মধ্যে এক ধরনের আগ্রহ দেখা যেতো। কিন্তু স্থান পরিবর্তনের পর তাতে অনেকটাই ভাটা দেখা যায়। মালিবাগের বেসরকারি চাকুরীজীবী মাহিরা নাজনীন বিবিসি বাংলাকে বলেন, আগের বছরগুলোতে বন্ধের দি ন সুযোগ পেলে পরিবারের সবাই পুরনো বাণিজ্য মেলায় যেতাম। এমনও হয়েছে দুই তিন বারও যাওয়া হতো। কিন্তু স্থান পরিবর্তনের পর আর তার যাওয়া হচ্ছে না।

বাণিজ্য মেলায় প্রতি বছর যে সব ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলো বড় আকারে স্টল সাজিয়ে পণ্য তোলেন তার মধ্যে পারটেক্স গ্রুপ অন্যতম। এবার মেলায় তাদের স্টল থাকলেও কোন ধরনের পণ্য তুলছেন না তারা। এই ব্যবসায়ী গ্রুপটির হেড অব অপারেশন্স ফখরুদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেন , "এক সময় বাণিজ্য মেলা একটা মেগা ইভেন্ট ছিলো। বাণিজ্য মেলাকে কেন্দ্র করে অনেক ধরনের প্রোডাক্ট ডেভেলপ করা হয়। নতুন জায়গায় বাণিজ্য মেলা স্থানান্তরের পর ট্রান্সপোর্ট ও দূরত্বের কারণে গত বছর থেকে আমরা খুব একটা রেসপন্স পাচ্ছি না "। "এবারও আমরা স্টলের আবেদন করেও প্রত্যাশিত জায়গা পাই নাই। আমাদের চাহিদা অনুযায়ী জায়গা বরাদ্দ দেয়া হয় নি। এ কারণে মেলায় আমাদের স্টল থাকবে। কিন্তু কোন পণ্য থাকবে না। আমরা ফিজিক্যালি পার্টিসিপেট করবো না।"

তবে বাণিজ্য মেলার পরিচালক ও রফতানি উন্নয়ন ব্যুরোর সচিব বিবেক সরকার বিবিসি বাংলাকে বলেন , "স্থান পরিবর্তন করায় প্রথম বছর একটু সংকট ছিলো। তবে এ বছর মনে হয় , ঢাকার মতো একটা ফ্লেভার আসবে। স্মুথ যোগাযোগ ব্যবস্থার কারণে ঢাকার মতোই পরিবেশ সৃষ্টি হবে বলে আমরা প্রত্যাশা করি "। বিশ্বের বিভিন্ন জায়গায় আন্তর্জাতিক মেলার আয়োজন হয়ে থাকে সাধারণত দেশি -বিদেশি প্রতিষ্ঠানের মধ্যে যোগসূত্র স্থাপনের জন্য। যেখানে বিদেশি ক্রেতারা আসেন, পণ্যের গুণগত মান যাচাই ও দরদাম করেন এবং পছন্দের পণ্যের ক্রয়াদেশ দেন। আবার দেশের ক্রেতারা বিশ্বের বিভিন্ন দেশের পণ্যগুলো কেনার সুযোগ পেয়ে থাকেন মেলা থেকে।

রাজধানীর উত্তরায় থাকেন উদ্যোক্তা লুৎফুন নাহার লিনা। বিবিসি বাংলাকে তিনি বলেন , "আগে আমরা যখন মেলায় যেতাম সেটাকে আন্তর্জাতিক বলার একটা কারণ ছিলো। কারণ তখন বিদেশি অনেক পণ্য থাকতো মেলায়। তখন ইরান, ভারত, ভুটান, পাকিস্তানের ড্রেস কিনতাম মেলা থেকে। বিদেশি অনেক দোকান বসতো। আর এখন দেশি সব দোকানে ছেয়ে গেছে মেলা। বিদেশি দোকান আগের মতো নাই। সাধারণত বিদেশ থেকে প্রডাক্টস আসতো, সেই টানে আমি যেতাম। এখন আর তেমন দেখা যায় না", বলছিলেন মিজ লিনা।

মেলার পরিচালক ও রফতানি উন্নয়ন ব্যুরোর সচিব বিবেক সরকার বিবিসি বাংলাকে বলেন , "আমাদের আন্তর্জাতিক মানের দশ থেকে এগারোটা প্রতিষ্ঠান এবারো থাকবে। যখন এক মাস যখন মেলা হয় , তখন পুরোপুরি আন্তর্জাতিক মানের সুযোগ -সুবিধা যতটা দরকার সেটা শতভা গ পূর্ণ করতে পারি না। এটা হয়তো ভবিষ্যতে আমরা করতে পারবো।"

প্রায় তিন দশ ধরে ধরে আন্তর্জাতিক অঙ্গনে দেশি পণ্যের প্রসার ও ব্র্যান্ডিংয়ের উদ্দেশ্যে বাণিজ্য মেলার আয়োজন হয়ে আসছে। কিন্তু এত বছরেও এটি আন্তর্জাতিক রূপ লাভ করতে পারেনি কেন ? অর্থনৈতিক বিশ্লেষক আহসান এইচ মনসুরের প্রশ্ন, "এটা কিভাবে আন্তর্জাতিক মেলা হয়? এটা তো আসলে স্থানীয় মানুষের একটা সামাজিক অনুষ্ঠান। এটা আসলে আন্তর্জাতিক ক্ষুদ্র প্রতিষ্ঠানের বাণিজ্য মেলা।" বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বলেন "আমরা আন্তর্জাতিক বাণিজ্য মেলা বলার চেষ্টা করছি এ জন্য যে, আমাদের লোকাল শিল্পগুলো যাতে আন্তর্জাতিক বাজারে যাওয়ার সুযোগ পায়। এখানে প্রদর্শনী হয় যে আমাদের কী কী আন্তর্জাতিক মানের পণ্য রয়েছে। আমরা বেশি উৎসাহিত করে আনছি না এ কারণে যে বিদেশিরা এক মাসের মেলায় আসতে চায় না "। অন্যবারের মতো, এবারো সরকারের টার্গেট বিদে শে পণ্য রফতানি বাড়ানো। কিন্তু প্রশ্ন উঠেছে, ঢাকার এই বাণিজ্য মেলা বিদেশে পণ্য রফতানিতে কতটুকু ভূমিকা রাখতে পারছে? এমন প্রশ্নে সরকারের বক্তব্য হচ্ছে, এটাকে বাণিজ্য মেলা বলা হচ্ছে এ কারণে যে , লোকাল শিল্পগুলো যাতে আন্তর্জাতিক বাজারে যাওয়ার সুযোগ পায়।

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বলেন, "গত ১৫ বছরে ছয় গুণ রপ্তানি বাণিজ্য বাড়াতে পেরেছি। আমরা সেখানে বসে থাকতে চাই না। আমরা যদি পণ্যে বহুমুখীকরণ করতে পারি, তাহলে আমাদের রপ্তানি ১০০ বিলিয়ন ছাড়িয়ে যাবে বলে আশা করছি। " অর্থনৈতিক বিশ্লেষকদের মতে, নামে আন্তর্জাতিক মেলা হলেও এটি মূলত অনেকটাই ঘরোয়া আয়োজন। এই মেলার মাধ্যমে খুবই কম পণ্যের রফতানি আদেশ পাওয়া যায়। অর্থনৈতিক বিশ্লেষক আহসান এইচ মনসুর বিবিসি বাংলাকে বলেন , বাণিজ্য মেলা এখন একটা সোশ্যাল ইভেন্টে পরিণত হয়েছে। বিদেশি ক্রেতাদের আকর্ষণ বাড়ানোর জন্য তেমন কোন উদ্যোগ এখানে নেই, যে কারণ বিদেশি ক্রেতারা খুব একটা আসছে না। ফলে এটা অর্থনীতিতে তেমন বড় কোন ভূমিকা রাখার সুযোগও নাই "। সংকট শুধু মেলার মাধ্যমে বিদেশে পণ্য রফতানি নিয়েই না। বাণিজ্য মেলা ঘিরে এবার নানামুখী হিসাব নিকাশও রয়েছে ব্যবসায়ীরা। কেননা, রাজধানী ঢাকার প্রাণকেন্দ্র শেরে বাংলা নগর থেকে মেলার স্থান সরিয়ে নেয়ার পর গত বছর বাণিজ্য মেলা হলেও , তাতে ক্রেতা সমাগম খুব

একটা ছিলো না। এমন অবস্থায় অনেক ব্যবসায়ীই খুব একটা আগ্রহ পাচ্ছেন না মেলায় স্টল দেয়ার। কেউ কেউ আবার সুবিধাজনক জায়গায় স্টল না পেয়ে দোকানে পণ্যই তোলেন নি। এবার বাণি জ্য মেলা এমন এক সময় অনুষ্ঠিত হচ্ছে যখন একটা অর্থনৈতিক সংকট পার করছে বাংলাদেশ। এই অবস্থায় আন্তর্জাতিক একটি মেলায় দেশের পণ্য বিদেশিদের কাছে কেনা বেচার একটা সুযোগ ছিলো। কিন্তু সেই সুযোগ কতটা তৈরি হয়েছে?

মেলার পরিচালক বিবেক সরকার বিবিসি বাংলাকে বলেন, "পুরো এক মাস যখন মেলা হয় তখন পুরোপুরি আন্তর্জাতিক মানের সুযোগ সুবিধা যতটা দরকার সেটা শতভাগ পূর্ণ করতে পারি না। এটা হয়তো ভবিষ্যতে আমরা করতে পারবো। তখন বিদেশি ক্রেতাদের সমাগমও হয়তো বাড়বে "। গত দু বছর থেকে মেলার স্থান পরিবর্তন হওয়ায় এই অঞ্চলে ক্রেতা সমাগম খুব কম ছিলো। ফলে অনেক ব্যবসায়ী এবার আর স্টল দিতে আগ্রহ পায় নি। রাজধানীর শেরে বাংলা নগরে অনুষ্ঠিত মেলায় স্টলের সংখ্যা যত ছিলো এখন তার অর্ধেকে নেমে এসেছে। কিন্তু সেগুলোও পূরণ হচ্ছে না। মেলা কর্তৃপক্ষ জানাচ্ছে, এবার সাড়ে তিনশোর মতো স্টল দেয়া হচ্ছে। এর মধ্যে ১০টি বিদেশি ব্য বসায়ী প্রতিষ্ঠান রয়েছে। এরমধ্যে সবগুলো স্টল প্রায় বরাদ্দ শেষ।

দূরত্বের কারণে মেলায় দর্শনার্থীর সংখ্যা কম হওয়ায় এবার নতুন উদ্যোগ নেয়া হয়েছে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে। ঢাকার ফার্মগেট, কুড়িল, নারায়ণগঞ্জ ও নরসিংদী থেকে বিআরটিসি'র বাস সার্ভিস চালু হয়েছে মেলা শুরুর দিন থেকে। প্রতি বছর পহেলা জানুয়ারি মেলা শুরু হলেও এবার জাতীয় নির্বাচনের কারণে বাণিজ্য মেলা পেছানো হয়েছে ২০ দিন। অন্য বছরগুলোতে মেলার তিন মাস আগে থেকে আন্তর্জাতিক ও স্থানীয় প্রতিষ্ঠানগুলোর জন্য নোটিশ দেয়া হয়ে থাকলেও এবার মাত্র সপ্তাহ খানেক আগে দেওয়া হয়েছে নোটিশ এতে বিদেশি প্রতিষ্ঠানের সংখ্যা কমছে।

এমন অবস্থায় মেলার উদ্দেশ্য কতটুকু সফল হবে ? বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম শনিবার গণামাধ্যমকে বলেন , "আমাদের লক্ষ্য রপ্তানি বহুমুখীকরণ। আর পণ্যগুলো বিদেশিদের দেখানোই উদ্দেশ্য।" মেলা কর্তৃপক্ষ জানাচ্ছে, বাণিজ্য মেলায় নতুনত্ব থাকবে বঙ্গবন্ধু প্যাভিলিয়ন। এছাড়া প্রধান ফটকগুলো সরকারের মেগা প্রজেক্টের আদলে করা হবে। মেলার পরিচালক বিবেক সরকার বিবিসিকে বলেন , 'ক্ষুদ্র উদ্যোক্তাদের বিনিয়োগ বৃদ্ধি করার জন্য বা পণ্যের ডাইভার্সিটির জন্য আমাদের দেশিয় ক্ষুদ্র উদ্যোক্তা সহ অন্যান্য প্রতিষ্ঠানের পণ্য ডিসপ্লে হবে পাশাপাশি ইরান , তুরস্ক হংকং ভারত পাকিস্তান এই দেশগুলোর প্যাভিলিয়ন থাকবে'। "বাচ্চাদের রিক্রিয়েশনের জন্য একটা শিশু পার্ক থাকবে। সেখানে আধুনিক মানের খেলা ও রাইডস থাকবে। এরকম আরও অনেক ব্যবস্থা থাকবে যেটা হয়তো আমরা আশা করছি দর্শনার্থীদের জন্য বিশেষ সুযোগ সুবিধা সৃষ্টি করতে পারবে", বলছিলেন মিস্টার সরকার।

(বিবিসি ওয়েব পেজ : ২১.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### ট্রেড ইউনিয়ন গঠন প্রক্রিয়া সহজ করা হবে বলে যুক্তরাষ্ট্রকে জানালেন বাংলাদেশের আইনমন্ত্রী

বাংলাদেশের শিল্প কারখানায় ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতির হার আরো কমিয়ে, প্রক্রিয়া সহজ করা হবে বলে যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। রবিবার (২১ জানুয়ারি) সচিবালয়ে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হকের সঙ্গে সাক্ষাৎ করেন যুক্তরাষ্ট্র দূতাবাসের কর্মকর্তারা। এ সময় তারা অনুরোধ জানান ট্রেড ইউনিয়ন গঠন প্রক্রিয়া সহজ করার জন্য। ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতি বা স্বাক্ষর নেয়ার হার পর্যায়ক্রমে কমিয়ে, প্রক্রিয়া সহজ করা হবে বলে তাদের জানান আইনমন্ত্রী আনিসুল হক। বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। যুক্তরাষ্ট্র দূতাবাসের প্রথম সচিব ও লেবার অ্যাটাশে-এর সঙ্গে আলোচনা করেন আইনমন্ত্রী আনিসুল হক। এ প্রসঙ্গে তিনি বলেন, "শ্রমিক অধিকার নিয়ে তারা তাদের বক্তব্য বলেছেন। এই আলোচনা গত বছর থেকে চলছে।" তিনি আরো জানান, সময়ে সময়ে যে অগ্রগতি হয়েছে এবং আরো কোনো অগ্রগতি সম্ভব কি না, সে সব বিষয় নিয়ে নিয়মিত আলাপ-আলোচনা করে থাকি। সেই আলাপ-আলোচনার একটা পদক্ষেপ হিসেবে আজ (২১ জানুয়ারি) আলোচনা হয়েছে।

**রাষ্ট্রপতির কাছে শ্রম আইন**

আলোচনার বিষয়বস্তু ছিলো, রাষ্ট্রপতির কাছে যে শ্রম আইনটা গিয়েছিলো, একটি বিশেষ কারণে আইনটি ফিরিয়ে দেয়া হয়েছে। সেই কারণটা আগেও ব্যাখ্যা করেছি। সেই বিষয়টি আলোচনায় এসেছে;" যোগ করেন আনিসুল হক। আইনমন্ত্রী জানান, ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের স্বাক্ষরের হার নিয়ে এবং অন্যান্য ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্র দূতাবাসের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা হয়েছে। কর্মকর্তারা জানিয়েছেন, বাংলাদেশ সরকারের সঙ্গে পার্টনার হিসেবে কাজ করতে চায় যুক্তরাষ্ট্র। তারা শ্রমিকদের অধিকারের বিষয়ে অত্যন্ত সচেতন, এটা তাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ইস্যু। বাংলাদেশ সরকার বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে বলে উল্লেখ করেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, "আগামী বুধবার (২৪ জানুয়ারি) শ্রম মন্ত্রণালয়ের একটা টিমের সঙ্গে আলোচনায় বসবো। আইএলওর গভর্নিং বডির মিটিং হবে মার্চ মাসে। দুই-একটা বিষয় তারা আমাদের কাছে জানতে চেয়েছেন। সেই মিটিং-এর পর তাদের আমরা বিস্তারিত জানাবো। ড. ইউনূসকে নিয়ে কোনো আলোচনা হয়েছে কি না, জানতে চাইলে, আনিসুল হক বলেন, ড. ইউনূসকে নিয়ে কোনো আলোচনা হয়নি। (ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## বিএনপি নেতা মির্জা আব্বাস ও এ্যানীর জামিন শুনানির নির্দেশ হাইকোর্টের

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস ও প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানীর বিরুদ্ধে দায়ের করা দুটি মামলার জামিন আবেদনের ওপর শুনানি করতে, বিচারিক আদালতকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ রবিবার (২১ জানুয়ারি) এ আদেশ দেন। মির্জা আব্বাস ও এ্যানীর বিরুদ্ধে নাশকতার অভিযোগে মামলা দুটি দায়ের করা হয়। এসব মামলার জামিন আবেদনের ওপর শুনানি করতে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতকে নির্দেশ দেয় হাইকোর্ট। একই সঙ্গে নিষ্পত্তিরও আদেশ দেয়া হয়েছে। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন; ডেপুটি অ্যাটর্নি জেনারেল তুষার কান্তি রায় ও সহকারী অ্যাটর্নি জেনারেল সেলিম আজাদ। আইন অনুযায়ী ১৫ দিনের মধ্যে মামলা নিষ্পত্তি করতে সিএমএম আদালত-কে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গত বছরের ২৮ অক্টোবর ঢাকার পল্টনে বিএনপির মহাসমাবেশ কেন্দ্র করে সহিংসতার ঘটনায় পুলিশ এসব মামলা দায়ের করে। মির্জা আব্বাসের বিরুদ্ধে রমনা, পল্টন ও ঢাকা রেলওয়ে থানায় ১০টি এবং এ্যানীর বিরুদ্ধে নিউ মার্কেট ও ধানমন্ডি থানায় দুটি মামলা করা হয়। গত ১০ জানুয়ারি ঢাকার সিএমএম আদালত তাদের জামিন আবেদন নামঞ্জুর করে। পরে, জামিন আবেদন গ্রহণ করে মামলা নিষ্পত্তির নির্দেশনা চেয়ে ১৫ জানুয়ারি হাইকোর্টে পৃথক রিট আবেদন করেন মির্জা আব্বাস ও এ্যানী। গত বছরের ২৯ অক্টোবর মির্জা আব্বাস ও ৫ অক্টোবর এ্যানীকে গ্রেপ্তার করা হয়। এরপর থেকে তারা কারাগারে রয়েছেন।
(ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## শেখ হাসিনা : বাংলাদেশকে জরুরি ভিত্তিতে বাণিজ্য ভারসাম্য প্রতিষ্ঠা করতে হবে

রপ্তানিতে ব্যবহৃত অর্থ ফেরত আনতে এবং আমদানি রফতানিতে ভারসাম্য বজায় রাখতে, সতর্ক হওয়ার জন্য রপ্তানিকারকদের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রবিবার (২১ জানুয়ারি) সকালে শেখ হাসিনা রাজধানী ঢাকার পূর্বাচলে মাসব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য মেলার (ডিআইটিএফ) উদ্বোধন করার সময় তিনি এ আহবান জানান। শেখ হাসিনা বলেন আমাদের জরুরি ভিত্তিতে আমদানি-রফতানিতে ভারসাম্য প্রতিষ্ঠা করতে হবে। বাংলাদেশের রফতানি পণ্য মুষ্টিমেয় কয়েকটি গন্তব্যের ওপর নির্ভরশীল বলে উল্লেখ করেন তিনি। এই নির্ভরশীলতা কমাতে, রপ্তানি পণ্যের জন্য নতুন বাজার অনুসন্ধান এবং পণ্য বৈচিত্রকরণ-এর ওপর গুরুত্বারোপ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন, এর জন্য আমাদের নতুন পণ্য, নতুন গন্তব্য এবং বিদেশে বাজার সন্ধান করতে হবে। আমাদের বিশ্বব্যাপী এক বা দুটি বাজারের ওপর নির্ভরশীল হওয়া উচিৎ নয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা উল্লেখ করেন যে বিশ্বব্যাপী রপ্তানি পণ্য পাঠাতে বাংলাদেশকে বিভিন্ন ধরনের বাধা ও প্রতিবন্ধকতা অতিক্রম করতে হয়। আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা হস্তশিল্পজাত পণ্যকে ২০২৪ সালের 'বর্ষ পণ্য' হিসেবে ঘোষণা করেন। (ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## বিএনপি সংসদ বাতিলের দাবিতে ২৬-২৭ জানুয়ারি কালো পতাকা মিছিল করবে

আগামী ২৬ ও ২৭ জানুয়ারি দেশব্যাপী কালো পতাকা মিছিল করবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। নিত্যপ্রয়োজনীয় পণ্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদে এবং দ্বাদশ জাতীয় সংসদ বাতিলের দাবিতে এই কর্মসূচি ঘোষণা করা হয়েছে বলে বিএনপির পক্ষ থেকে জানানো হয়। রবিবার (২১ জানুয়ারি) দুপুরে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কর্মসূচি ঘোষণা করেন। রিজভী বলেন ২৬ জানুয়ারি সব জেলা সদরে এবং ২৭ জানুয়ারি সব মেট্রোপলিটন শহরে এ কর্মসূচি পালন করা হবে। গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর এটাই বিএনপির প্রথম উন্মুক্ত কর্মসূচি।বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে আমরা কালো পতাকা নিয়ে মিছিল করবো। রিজভী জানান খালেদা জিয়া, মির্জা ফখরুল ইসলাম আলমগীর, সদস্য মির্জা আব্বাস, আমীর খসরু মাহমুদ চৌধুরীসহ সব রাজবন্দীর মুক্তি এবং সংসদ বাতিলের দাবিতে এই কর্মসূচি পালন করা হবে। পণ্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণে আওয়ামী লীগ সরকারের 'ব্যর্থ হয়েছে দাবী করে তিনি বলেন, আওয়ামী লীগ সমর্থক ব্যবসায়ী সিন্ডিকেটের অসততার' কারণে দ্রব্যমূল্যের চরম ঊর্ধ্বগতি হয়েছে। গ্যাস সংকট চরম আকার ধারণ করায় জনগণ কঠিন পরিস্থিতির মধ্যে পড়েছে, বলেন রিজভী। তিনি বলেন যে এই সংকটের মধ্যে একের পর এক কারখানা বন্ধ করতে বাধ্য হচ্ছেন শিল্প-মালিকরা। চট্টগ্রামের অবস্থা আরো খারাপ বলে উল্লেখ করেন রিজভী। (ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## গুতেরেসের প্রতি হাছান মাহমুদ : রোহিঙ্গা ইস্যুকে আলোচ্যসূচির শীর্ষে রাখুন

রোহিঙ্গা ইস্যুকে জাতিসংঘের আলোচ্যসূচির শীর্ষে রাখার জন্য জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের প্রতি অনুরোধ জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। রবিবার (২১ জানুয়ারি) উগান্ডার রাজধানী কাম্পালায় তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের সাইডলাইনে, আন্তোনিও গুতেরেস সঙ্গে বৈঠক করেন ড. হাছান মাহমুদ। এ সময় তিনি এ অনুরোধ জানান। ফিলিস্তিনের গাজায় যুদ্ধ নিরসনে জাতিসংঘ মহাসচিবের সাহসী ও গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে প্রশংসা করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। চলমান ২০২৪ সাল জাতিসংঘে বাংলাদেশের সদস্য হওয়ার সুবর্ণ জয়ন্তীর বছর বলে উল্লেখ করেন ড. হাছান মাহমুদ। তিনি বছরটি

যথাযথভাবে উদযাপনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন এবং গুতেরেস-কে বাংলাদেশ সফর করার জন্য আমন্ত্রণ জানান। বৈঠকে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেন যে বৈশ্বিক অর্থনীতির কাঠামো সংস্কারের ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা গুরুত্বপূর্ণ। কাম্পালায় জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৯তম শীর্ষ সম্মেলন; ৭৭ জাতি গ্রুপ ও তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ।
(ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## নির্বাচন কমিশনের খসড়া তালিকায় ভোটার সংখ্যা ১২ কোটি ১৭ লাখের বেশি

ভোটার তালিকা হালনাগাদ করেছে বাংলাদেশের নির্বাচন কমিশন। রবিবার (২১ জানুয়ারি) নির্বাচন কমিশন জানিয়েছে সর্বশেষ খসড়া হালনাগাদ তালিকা অনুযায়ী দেশে মোট ভোটার সংখ্যা এখন ১২ কোটি ১৭ লাখ ৭৫ হাজার ৪৫০ জনে দাঁড়িয়েছে। ইসির সহকারী পরিচালক আশাদুল হক জানান হালনাগাদ ভোটার তালিকায় পুরুষ ভোটার সংখ্যা ৬ কোটি ২০ লাখ ৯০ হাজার ১৩৭ জন। আর, নারী ভোটার সংখ্যা ৫ কোটি ৯৬ লাখ ৮৪ হাজার ৩৮৯ জন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে কমিশন একটি চূড়ান্ত তালিকা প্রকাশ করে। সেই তালিকা মতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় ৭ জানুয়ারি। তখনকার তালিকা মতে মোট ভোটার ছিলো ১১ কোটি, ৮৯ লাখ ২৮৯ জন। এর মধ্যে পুরুষ ভোটার, ৬ কোটি ৭ লাখ ৬৯ হাজার ৭৪১ জন; নারী ভোটার ৫ কোটি ৮৯ লাখ ১৮ হাজার ৬৯৯ জন এবং হিজড়া ভোটার ছিলো ৮৪৯ জন। ভোটার তালিকা আইন অনুযায়ী প্রতি বছর ২ জানুয়ারি খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়। সম্প্রতি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে, নির্বাচন কমিশন এ বছর এই নিয়ম রক্ষা করতে পারেনি। নির্বাচন কমিশন বলেছে, দেশের প্রতিটি উপজেলা ও থানা নির্বাচন কার্যালয়ে এই তালিকা থাকবে। খসড়া তালিকায় বিদেশি, মৃত, জাল ভোটারের উপস্থিতির বিরুদ্ধে আপত্তি জানানো যাবে। আপত্তি নিষ্পত্তি শেষে, ২ মার্চ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে ইসি। এ তালিকা ধরেই আগামী উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হবে বাংলাদেশে।
(ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## তীব্র শীতের কারণে বাংলাদেশে কয়েক জেলায় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

বাংলাদেশে অব্যাহত রয়েছে শীতের তীব্র অনুভূতি। হিমেল হাওয়া, কুয়াশা এবং বায়ু প্রবাহ মিলে শীতের অনুভূতি প্রবলতর করেছে। কোথাও কোথাও আছে শৈতপ্রবাহ। বেশ কিছু অঞ্চলে স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে। মানুষের জীবন ও জীবিকায় পড়েছে বিরূপ প্রভাব। এমন পরিস্থিতি আরো কিছুদিন অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর।

### শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

তীব্র শীতের কারণে রবিবার (২১ জানুয়ারি) ও সোমবার (২২ জানুয়ারি) রাজশাহীর মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়গুলোও বন্ধ ঘোষণা করা হয়েছে। শনিবার (২০ জানুয়ারি) রাতে এ সংক্রান্ত আদেশ জারি করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চলের ভারপ্রাপ্ত উপ-পরিচালক ড. শরমিন ফেরদৌস চৌধুরী। আদেশে উল্লেখ করা হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক, রাজশাহী জেলার তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে থাকবে। ফলে, রাজশাহী জেলার সব মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশ দেয়া হলো। রাজশাহী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাইদুল ইসলাম জানান, রবিবার একদিনের জন্য পাঠদান বন্ধ থাকার সিদ্ধান্ত হয়েছে। আবহাওয়া পরিস্থিতি দেখে নতুন সিদ্ধান্ত হবে।

### ছয় জেলায় মৃদু শৈত্যপ্রবাহ

আবহাওয়া অধিদপ্তর রবিবার (২১ জানুয়ারি) সকাল ৯টা থেকে পরের ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলেছে, কিশোরগঞ্জ, রাজশাহী, পাবনা, নওগাঁ, পঞ্চগড় ও কুঁড়িগ্রাম জেলার ওপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। বুলেটিনে আরো বলা হয়েছে, মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারা দেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং তা কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এছাড়া, অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। দেশের উত্তর-উত্তরপূর্বাঞ্চলের রাতের তাপমাত্রা আরো হ্রাস পেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া বিভাগ। রবিবার সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় রাজশাহী, পাবনার ঈশ্বরদী ও নওগাঁর বদলগাছীতে।শনিবারের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় সীতাকুণ্ডে।

### উত্তরাঞ্চলে স্কুল-মাদ্রাসা বন্ধ

জয়পুরহাটে ঘন কুয়াশা ও তীব্র শীতে তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে যাওয়ায় জেলার সকল মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান রবিবার ও সোমবার দুই দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। জয়পুরহাটের জেলা প্রশাসক সালেহীন তানভীর গাজী বিষয়টি নিশ্চিত করেছেন। জয়পুরহাট জেলায় আবহাওয়া অফিস নেই। তবে, পার্শ্ববর্তী নওগাঁ জেলার বদলগাছি আবহাওয়া অফিসের তথ্যানুসারে, জয়পুরহাটের তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে যায়। এ কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী, জয়পুরহাট জেলার সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। এদিকে, রবিবার (২১ জানুয়ারি) ভোর থেকে জয়পুরহাট জেলায় ঘন কুয়াশা ও তীব্র শীত অনুভূত হচ্ছে।

কুড়িগ্রামের ও পর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু শৈত্যপ্রবাহ। ঘন কুয়াশা আর কনকনে ঠান্ডার পাশাপাশি তাপমাত্র নেমে যাওয়ায়, জেলার ১ হাজার ২৪০টি প্রাথমিক বিদ্যালয়, ৩৮৬টি মাধ্যমিক বিদ্যালয় ও ২২২টি মাদরাসাসহ মোট ১ হাজার ৮৪৮টি প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। এ সময় শিক্ষার্থীদের বাসায় বসে পড়ালেখা চালিয়ে যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে। এ তথ্য নিশ্চিত করেছেন কুড়িগ্রামের জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল আরীফ। জেলায় রবিবার তাপমান কমে দাঁড়িয়েছে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াসে। রাত ও দিনের তাপমাত্রা প্রায় কাছাকাছি হওয়ায় দুপুর পর্যন্ত বেশ ঠান্ডা অনুভূত হচ্ছে জেলা জুড়ে। দিনের অধিকাংশ সময় সূর্যের দেখা মিলছে না। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে সূর্য কিছুটা উত্তাপ ছড়ালেও বিকাল হতেই তাপমাত্রা আবারও নিম্নগামী হচ্ছে। কুড়িগ্রামের রাজারহাট কৃষি আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা সুবল চন্দ্র সরকার জানান, এরকম তাপমাত্রা আরো দু-একদিন অব্যাহত থাকতে পারে। (ভোয়া ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### সরবরাহ শুরু হলেও কাটেনি গ্যাসের সংকট, ভোগান্তি শিল্পাঞ্চলেও

বাংলাদেশে গ্যাস সরবরাহ বিঘ্নের কারণে চট্টগ্রাম গাজীপুর এবং নারায়ণগঞ্জের মানুষ চরম ভোগান্তিতে পড়েছে। এদিকে ঢাকাও চট্টগ্রামের গ্যাস সংখ্যা আগামী ২/১দিনের মধ্যে কমে যাবে বলে আশা প্রকাশ করেছেন বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি : গ্যাস সরবরাহ বিঘ্নের কারণে চট্টগ্রামে ভোগান্তির শেষ হয়নি। এলএনজি টার্মিনাল থেকে গ্যাস সরবরাহ শুরু হলেও , পরিস্থিতি এখনো স্বাভাবিক নয়। অনেক বাসা বাড়িতে এখনো চুলা জ্বলছে না , সিএনজি স্টেশনে গ্যাস পাচ্ছে না যানবাহন। এদিকে , নারায়ণগঞ্জ-গাজীপুর শিল্পাঞ্চলেও গ্যাসী সরবরাহ ব্যাহত হওয়ার প্রভাব পড়ছে বিভিন্ন কারখানায়। কক্সবাজারের মহেশখালীতে ভাসমান তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) টার্মিনাল থেকে ২৪ ঘণ্টা পর গ্যাসের আংশিক সরবরাহ শুরু হলেও দেশের পূর্বাঞ্চলে সংকট কাটেনি। গতকাল শনিবারও দিনভর ছিল দুর্ভোগ। অনেক এলাকায় গ্যাসের চুলা জ্বলেনি। কিছু কিছু এলাকায় জ্বলেছে মিটমিট ক রে। জনৈক ব্যক্তি (এক) ( স্বকণ্ঠে): সকালে নাস্তা তৈরি করতে পারি নাই। আদৌও আসবে কিনা জানিনা। দুপুরের খাবার বাইরে থেকে নিয়ে আসছি। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): লাকড়ি দিয়ে রান্না লাগে , ঝুট-মুট, লাকড়ি-খড়ি কোন জায়গায় পাই না। আমরা গরীব মানুষের এত সহ্য করুম কে মনে! আর সিএনজি ফিলিং স্টেশনের গাড়ির লাইন গত শুক্রবারের তুলনায় আরও লম্বা হয়েছে। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে): গ্যাস নিতে সমস্যা হয় , ডাবল লাইনে গ্যাস নিতে হয়। অনেক লম্বা সিরিয়াল দিতে হয়। গত বৃহস্পতিবার রাত ১০টার দিকে কারিগরি ত্রুটির কারণে এলএনজি টার্মিনালে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাওয়ায় পূর্বাঞ্চলে বিপর্যয় নামে গ্যাস সেক্টরে। এদিকে , নারায়ণগঞ্জের বিভিন্ন এলাকায়ও গ্যাস সরবরাহ কম। অনেক আবাসিক এলাকায় সিলিন্ডার গ্যাস বা কেরোসিনের চুল জ্বালিয়ে রান্নার কাজ সেরেছেন বাসিন্দারা।জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে): গ্যাস শংকট নিয়ে আসলে খুব সংকটে আছি। আমাদের বাসা বাড়ির ভাড়াটিয়ারা বাসা ছেড়ে চলে যাচ্ছে। এতে আমরা বিশাল একটা সংকটের মধ্যে আছি। এছাড়া গ্যাস সংকটের কারণে কলকারখানায় ব্যহত হচ্ছে উৎপাদন। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে): দুপুরের পর থেকে সন্ধ্যা পর্যন্ত গ্যাস একেবারেই থাকে না। সে ক্ষেত্রে আমাদের পার্টির্দের আমাদের প্রয়োজনীয় যে শিপমেন্টগুলো , ওদের প্রয়োজনে ফেব্রিক আমরা ডেলিভারি করতে পারছি না। গাজীপুরের শিল্পাঞ্চলে গ্যাস সংকটের কারণে টঙ্গী , বোর্ডবাজার, কোনাবাড়ি, কাশিমপুর, কালিয়াকৈর ও শ্রীপুরের বিভিন্ন এলাকার বেশিরভাগ কারখানায় প্রভাব পড়েছে। কর্তৃপক্ষের কাছে দ্রুত সমাধানের দাবি জানিয়েছেন আবাসিক ও শিল্প গ্যাস ব্যবহারকারীরা। বিকেএমইএ'র নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম বলেন (স্বকণ্ঠে): আগে আমরা দিনের বেলা পাইতাম না, রাতে গ্যাস পাইতাম। কিন্তু বর্তমানে নারায়ণগঞ্জ জোনে বিশেষ করে রাত -দিন ২৪ ঘন্টায় একেবারে থাকে না। এদিকে , দু/একদিনের মধ্যে গ্যাসের সংকট কমবে বলে আশা প্রকাশ করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু (স্বকণ্ঠে): অনেকে বলে ৩৫০০ আমি মনে করি ৩৮০০। ৩৮০০ এমএলসিএফ গ্যাসের ডিমান্ড রয়েছে। আমরা এখন দিতে পারি ৩২০০ এর মত। সুতরাং এই একটা গ্যাপ আমাদের থেকে যাচ্ছে। বিশেষ করে আমাদের ইন্ডাস্ট্রি এবং বিদ্যুতের ক্ষেত্রে।(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২১.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে বিএনপির কালো পতাকা কর্মসূচি

বাংলাদেশের দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদ, জাতীয় সংসদ বাতিল এবং বন্দী নেতাকর্মীদের মুক্তির দাবিতে দুই দিনের কালো পতাকা মিছিল কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা : দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদ , অবৈধ সংসদ বাতিল , বন্দী নেতাকর্মীদের মুক্তিসহ বিভিন্ন দাবি তে দু'দিনের কালো পতাকা মিছিল কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আজ রোববার সকালে , রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করেন দলটির যুগ্ম -মহাসচিব রুহুল কবির রিজভী (স্বকন্ঠ): ২৬ তারিখ শুক্রবার এই কালো পতাকা মিছিল হবে জেলা সদরে। আর ২৭ তারিখ বিভাগীয় শহরগুলোতে, মহানগরগুলোতে এই কালো পতাকা মিছিল অনুষ্ঠিত হবে। এদিকে , আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন , সরকার কারও স্বীকৃতির জন্য অপেক্ষা করে বসে নেই। রোববার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির

রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি একথা বলেন। কাদের বলেন , বিজয়ীকে অভিনন্দন জানানো গণতান্ত্রিক রীতি, এটাই স্বাভাবিক। বিএনপি তাদের আন্দোলনকে হাসি -তামাশায় পরিণত করেছে। আন্দোলনের নামে কেউ নাশকতা করলে, আইন প্রয়োগকারী সংস্থা তাদের প্রতি দায়িত্ব পালন করবে বলেও জানান ওবায়দুল কাদের (স্বকণ্ঠে): আন্দোলনের নামে যদি তারা সন্ত্রাসী কর্মকাণ্ড চালায় সে অবস্থায় তাদের বিরুদ্ধে আইন প্রয়োগকারী সংস্থা যথাযথ পদক্ষেপ নিবে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২১.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ভূমিকম্প থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের মধ্যে বিভিন্নরোগ ছড়িয়ে পড়ছে

নববর্ষের দিনে মধ্য জাপানের ভিত কাঁপিয়ে দেয়া শক্তিশালী ভূমিকম্পটি আঘাত হানার প্রায় ৩ সপ্তাহ পর, নিজেদের বাড়িঘর ছেড়ে অন্যত্র আশ্রয় নেয়াদের মধ্যে সংক্রামক রোগের বিস্তারকে শ্লথ করা একটি চ্যালেঞ্জ হিসাবে দেখা দিয়েছে।ইশিকাওয়া জেলায়, এপর্যন্ত ২৩২ জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে। তাদের মধ্যে ১৪ জনের মৃত্যু দুর্যোগজনিত কারণে হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। কর্মকর্তারা বলছেন যে , আরও ২২ জনের হদিস এখনো পাওয়া যায়নি। ইশিকাওয়া জেলা সরকারের ভাষ্যানুযায়ী, প্রধানত আশ্রয়কেন্দ্রগুলোতে নতুন সংক্রামক রোগের দৈনিক সংখ্যা, টানা ১০ দিন ধরে ১শ ছাড়িয়ে গেছে। হাকুই শহরের একটি স্থাপনায় আশ্রয় নেয়া মোট ২৮ জনের মধ্যে ১২ জনই করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। উল্লেখ্য , এই ব্যক্তিদের ওয়াজিমা শহরে অবস্থিত প্রতিবন্ধীদের একটি আবাসস্থল থেকে সেখানে সরিয়ে নেয়া হয়। ওয়াজিমার ওই আবাসস্থলে র পরিচালক, উনে কাযুহিরোর ভাষ্যমতে, পাইপে পানির সরবরাহ বা পর্যাপ্ত খাবারের অভাব আশ্রয়কেন্দ্রগুলোর জীবনযাত্রার পরিবেশকে কঠোর করে তোলায় , এর নেতিবাচক প্রভাব পড়ছে উদ্বাস্তুদের ওপর।অন্যদিকে, সুযু শহরের একটি আশ্রয়কেন্দ্রে, ৩০ জনের মধ্যে পাঁচজন উদ্বাস্তুর কোভিড পরীক্ষায় ইতিবাচক ফল এসেছে। অন্যদের থেকে এই সংক্রামিতদের আলাদা করার জন্য কোন জায়গা সেখানে নেই এবং এক্ষেত্রে, শুধুমাত্র বিভাজন স্থাপনই হচ্ছে আরো সংক্রমণ রোধে গৃহীত একমাত্র ব্যবস্থা। আশ্রয়কেন্দ্রের একজন তত্ত্বাবধায়ক সাকাজিরি তাকাশির ভাষ্যমতে , তিনি কামনা ক রছেন যে রোগের বিস্তার রোধ করার উপায় নিয়ে যেন কর্তৃপক্ষগুলো আরও গুরুত্ব সহকারে ভাবুক।এর পাশাপাশি , শীতকালীন ঠাণ্ডা আবহাওয়াও ভূমিকম্প থেকে বেঁচে যাওয়াদের স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে যাওয়াকে কঠিন করে তুলছে। আবহাওয়ার পূর্বাভাসে , আগামী কয়েকদিন ওই এলাকাগুলোতে অব্যাহতভাবে বৃষ্টি ও তুষারপাতের কথা বলা হয়েছে। এদিকে , ক্রমাগত কম্পনের ফলে মাটি আলগা হয়ে যাওয়ায়, সম্ভাব্য ভূমিধসের জন্য লোকজনকে সজাগ থাকার জন্যও সতর্ক করছেন আবহাওয়া কর্মকর্তারা।
(এনএইচকে ওয়েব পেজ: ২১.০১.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### সংঘাতে-বিভেদ বাড়ছে আওয়ামী লীগের তৃণমূলে

নির্বাচন পরবর্তী সহিংসতা আওয়ামী লীগকে ভাবনায় ফেলে দিয়েছে। এই সহিংসতা তৃণমূলে স্থায়ী বিভেদ তৈরি করলে তা হবে দলটির জন্য বড় ক্ষতির কারণ। আর সামনে উপজেলা নির্বাচনে এই বিভেদ আরো বড় প্রভাব ফেলতে পারে। নেতারা বলছেন , বিএনপি ছাড়া জাতীয় সংসদ নির্বাচনকে অংশগ্রহণমূলক এবং ভোটারের উপস্থিতি বাড়াতেই আওয়ামী লীগের নৌকা প্রতীকের বাইরেও আওয়ামী লীগের প্রার্থীদের স্বতন্ত্র নির্বাচন করার অনুমতি দেয়া হয়। সেই উদ্দেশ্য সফল হলেও নির্বাচনের আগে এবং বিশেষ করে নির্বাচনের পরের সহিংসতা উদ্বেগ তৈরি করেছে। সোমবার সন্ধ্যায় আওয়ামী লীগের নির্বাহী কমিটির জরুরি বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে এই বিষয়টিই আলোচনায় প্রাধান্য পাবে বলে জানা গেছে। কিন্তু নির্বাচন পরবর্তী সহিংসতায় যারা নিহত হয়েছেন তাদের পরিবারগুলো অসহায় অবস্থায় আছেন। নির্বাচনের পর ১৩ জানুয়ারি রাতে নোয়াখালী-২ (সেনবাগ- সোনাইমুড়ি আংশিক) আসনে আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থী মোহা. আতাউর রহমানের নির্বাচনী এজেন্ট শাহেদুজ্জামান পলাশকে (৩৫) কুপিয়ে এবং গুলি করে হত্যা করা হয়। এই হত্যাকাণ্ডের পর তিনজনকে গ্রেপ্তার করা হলেও মূল আসামিরা এখনো আটক হয়নি বলে অভিযোগ করেন তার স্ত্রী সামিনা আক্তার। তিনি ড য়চে ভেলেকে বলেন," আমি দুইটি শিশু সন্তান নিয়ে অসহায় অবস্থার মধ্যে পড়ে গেছি। আমাদের তেমন কোনো সম্পদ নেই। আমার স্বামী যা আয় করতেন তাই দিয়ে চলতাম। তিনি মুরগির খামার দিয়ে চলতেন। এখন খামার দেখারও লোক নাই। " তার কথা," আমার স্বামী স্বতন্ত্র প্রার্থীর ভোট করেছেন। এটাই তার অপরাধ। নির্বাচনের আগেও তাকে হুমকি দেয়া হয়েছে। তিনি নিহত হওয়ার পর নেতার এসে দুই -একদিন এসে খোঁজ নিয়েছেন। পুলিশ এসেছে। কিন্তু আমি তো আমার স্বামীকে ফিরে পাবনা।"
নিহতের চাচা ও সোনাইমুড়ি উপজেলার নাগেশ্বর ইউনিয়নের ইউপি সদস্য এবং ৮ নাম্বার ওয়ার্ড আওয়ামী লীগে র সভাপতি মো. জাহাঙ্গির হোসেন বলেন ," আমাদের এখানে কেউ নৌকার নির্বাচন করেছে , কেউ স্বতন্ত্র। সবাই আওয়ামী লীগ। আমার চাচাতো ভাইয়ের ছেলেও আওয়ামী লীগ করত। আমরা মিলেমিশে ছিলাম। কিন্তু তাকে হত্যার পর এখন বিভেদ দেখা দিয়েছে। যদি অপরাধীরা শাস্তি পায় তাহলে হয়ত বা বিভেদ থামানো যাবে।" এই হত্যাকাণ্ডের জন্য নৌকা প্রতীকের লোকজনকে দায়ী করা হচ্ছে। নির্বাচনে নৌকা প্রতীকের মোরশেদ আলম জয়ী হয়েছেন।

একইভাবে ঝিনাইদহে নির্বাচন পরবর্তী সহিংসতায় নিহত হয়েছেন বরুন কুমার ঘোষ (৪৫) নামে নৌকার এক কর্মী। নির্বাচনের পর ৯ জানুয়ারি সন্ধ্যায় ঝিনাইদহের ঘোষপাড়া এলাকায় তাকে কুপিয়ে হত্যা করা হয়। তিনি ঝিনাদহ -২ (হরিণাকুণ্ড-সদর একাংশ) আসনে নৌকার প্রার্থী তাহবীজ আলম সিদ্দিকীর পক্ষে নির্বাচন করেন। এতে ক্ষুব্ধ ছিলো স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদীর লোকজন। নির্বাচনে আওয়ামী লীগের স্বতন্ত্র এই প্রা র্থী জয়ী হয়েছেন। হরিণাকুণ্ড থানা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান বলেন ," এই হত্যাকাণ্ডটি পূর্ব শত্রুতার জেরে হয়েছে বলে আমরা জানি। নির্বাচনে জয় -পরাজয়, প্রভাব এসব ব্যবহার করা হয়ে থাকতে পারে। নির্বাচনের পর এরকম জয় পরাজয়কে কেন্দ্র করে পূর্ব শত্রুতার জেরে অনেক সময়ই সহিংসতা হয়। কেউ কেউ সুযোগ নেয়। ”
একইভাবে নেত্রকোনা -৩ (কেন্দুয়া-আটপাড়া) আসনে নির্বাচনের পরদিন ৮ জানুয়ারি রাতে নিহত হয়েছেন নুরুল আমিন(২৮) নামে এক তরুন। নির্বাচনের পরে নৌকার প্রার্থী অসীম কুমার উকিল এবং স্বতন্ত্র প্রার্থী ইফতিখার উদ্দিন তালুকদারের সমর্থকদের মধ্যে সংঘর্ষে তিনি নিহত হন। নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী জয়ী হয়েছেন।
দেশের আরো কয়েকটি এলাকায় স্থানীয় আওয়ামী লীগ নেতাদের সঙ্গে কথা বলে জানাগেছে , নির্বাচনের পর নৌকার প্রার্থী ও আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীদের কর্মী সমর্থকদের মধ্যে বি ভেদ ও দ্বন্দ্ব বেড়ে গেছে। তারা সবাই আওয়ামী লীগ হওয়ায় যার যার প্রভাব ধরে রাখতে চাইছে। শেষ পর্যন্ত এটা কোথায় গিয়ে ঠেকে তা নিয়ে তারা চিন্তিত। তারা মনে করেন, উপজেলা পরিষদ নির্বাচনে এই দ্বন্দ্বের চরম বহিঃপ্রকাশ ঘটতে পারে। সংসদ নির্বাচনের দিন থেকে পরবর্তী ১০ দিনে নির্বাচন কেন্দ্রিক সহিংসতায় সাত জন নিহত হয়েছেন। সংঘাতের ঘটনা ঘটেছে ৩৪৫টি। আট পুলিশ সদস্যসহ চার শতাধিক আহত হয়েছেন। সরকারের গোয়েন্দা প্রতিবেদনের বরাত দিয়ে সংবাদমাধ্যম এই তথ্য প্রকাশ করেছে। আর হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) নামে একটি মানবাধিকা র সংগঠন জানিয়েছে, নির্বাচনের তফসিল ঘোষণার পর ১৫ জানুয়ারি পর্যন্ত দুই মাসে নির্বাচনি সহিংসতায় ১৫ জন নিহত এবং দুই হাজার ২০০ জন আহত হয়েছেন। এইসব সংঘাত সংঘর্ষের প্রায় সব ঘটনাই ঘটেছে আওয়ামী লীগের নৌকা এবং স্বতন্ত্র আওয়ামী লীগ প্রার্থীদের কর্মী সমর্থকদের মধ্যে। তাদের প্রতিবেদনে বলা হয়েছে, এখন পর্যন্ত ঝিনাইদহে ৪০টি, মাদারীপুরের কালকিনি ও কাউয়াকুড়িতে ৪০টি, সিরাজগঞ্জের বেলকুচিতে ২০টি সহিংসতার ঘটনা ঘটেছে। ওই জায়গাগুলোর কোথাও দোকান, বসতবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনার কথাও বলছে সংগঠনটি। এছাড়াও পিরোজপুর, নেত্রকোনা, সাতক্ষীরা, গাজীপুর, গাইবান্ধা, খুলনা, নাটোর, নারায়ণগঞ্জ, ধামরাই, কুষ্টিয়া, পটুয়াখালী, রাজশাহী ও মুন্সিগঞ্জের বিভিন্ন জায়গার হামলা সংঘর্ষের ঘটনা ঘটেছে।
মুন্সিগঞ্জ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আফসার উদ্দিন আহমেদ বলেন ," তৃণমূল আওয়ামী লীগের মধ্যে দ্বন্দ আগে থেকেই ছিলো। আমাদের এখানে আগের এমপি সাহেব নেতা -কর্মীদের মূল্যায়ন করেননি। নির্বাচনের সময় তাই নেতা-কর্মীরা ভাগ হয়ে গেছে। আগে -পরে সংঘর্ষ সংঘাত হয়েছে। এখন আমরা চেষ্টা করছি এটা নিরসনের। আমাদের কেন্দ্র থেকেও নির্দেশ দেয়া হয়েছে।”
মানবাধিকার সংস্থাটির গবেষণা কর্মকর্তা সাইফুল ইসলাম বলেন ," আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার অনুমতি পাওয়ায় নির্বাচনের আগে থেকেই স্থানীয় আওয়ামী লীগে নানা গ্রুপ ও ফোরাম সৃষ্টি হয়। সেখানে বিভেদ সৃষ্টি হয়। নির্বাচনের পরে তার জের চলছে। নির্বাচ ন শেষ হলেও সেই গ্রুপ বা ফোরামগুলো আছে। তার জের এবং প্রভাব বিস্তার ও ধরে রাখার চেষ্টার কারণে এসব হচ্ছে। ” তিনি বলেন," সহিংসতা না থেমে অব্যাহত থাকার কারণ হলো এখানে পুলিশ প্রশাসন তাদের মতো ব্যবস্থা নিতে পারছেনা। কারণ যারা সংঘর্ষে জড়াচ্ছেন তারা দুই গ্রুপ হলেও স বাই আওয়ামী লীগ। ফলে কোনো এক গ্রুপের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে আরেক গ্রুপের চাপে পড়েন তারা। বিরোধী দলের বিরুদ্ধে পুলিশ যেভাবে অ্যাকশনে যেতে পারে এইসব ঘটনায় পারেনা। ফলে সহিংসতা অব্যাহত আছে।”
আওয়ামী লীগের তৃণমূলের এই সংঘাতময় পরিস্থিতিতে শীর্ষ আওয়ামী লীগ নেতা রাও উদ্বিগ্ন। এরইমধ্যে তৃণমূলে সংযত থাকার নির্দেশ দেয়া হয়েছে। আওয়ামী লীগ একটি বর্ধিত সভা করারও পরিকল্পনা নিচ্ছে। আর সোমবার ঢাকায় আওয়ামী লীগের নির্বাহী কমিটির বৈঠক ডাকা হয়েছে। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাহাউদ্দিন নাসিম এমপি বলেন," যা হয়েছে তা বিচ্ছি ন্নভাবে হয়েছে। যখন যেখানে হয়েছে সে ব্যাপারে আমরা ব্যবস্থা নিয়েছি। এখন থেমে গেছে। আওয়ামী লীগের পদে থাকা কেউ এসব ঘটনায় জড়ালে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে। বাকি কাজ আইনশৃঙ্খলা বাহিনী করছে। ” তিনি এক প্রশ্নের জবাবে বলেন," এতে তৃণমূলে বিভেদ সৃষ্টি হতে পারে কি না। আরো সংঘাত হবে কি না। এগুলো তো আগাম বলা যায় না। আমরা কেন্দ্রীয় নেতারা তৃণমূলে সফর শুরু করব। জেলায় জেলায় যাব। আর একটি বর্ধিত সভার পরিকল্পনা আছে। সোমবার কেন্দ্রীয় নির্বাহী কমিটির বৈঠক আছে।”
উপজেলা পরিষদ নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমি শন। সংসদ নির্বাচনে যে বিভেদ আওয়ামী লীগের তৃণমূলে হয়েছে তা যাতে আর না বাড়ে সেজন্য ওই নির্বাচনে দলীয় মনোনয়ন নাও থাকতে পাওে আওয়ামী লীগের। আওয়ামী লীগের আরেকজন যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপি জানান ," উপজেলা নির্বাচন দলীয় প্রতীকে না হওয়ার আলোচনা আছে । তবে এ ব্যাপারে এখানো কোনো সিদ্ধান্ত হয়নি। সোমবারের বৈঠকে এইসব বিষয়সহ সাংগঠনিক সব বিষয় নিয়েই আলোচনা হবে। ” এক প্রশ্নের জবাবে তিনি বলেন ," আমরা ব্যবস্থা নিয়েছি বলেই এখন

সহিংসতা থেমে গেছে। যা হয়েছে তা বিচ্ছিন্ন এবং ব্যক্তিগত শত্রুতার জেরে হয়েছে। ” প্রসঙ্গত, এবার সংসদ নির্বাচনে ৬২ জন স্বতন্ত্র প্রাথী জয়ী হয়েছেন। তাদের মধ্যে ৫৯ জন আওয়ামী লীগের স্বতন্ত্র।
(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২১.১.২৪ রিহাব)

## বাংলাদেশে সৌরশক্তি খাতে চাকরির সুযোগ তৈরি হচ্ছে

গবেষণা সংস্থা ব্লুমবার্গএনইএফ-এ ২০২৩ সালে প্রকাশিত এক প্রতিবেদন বলছে, ২০২৫ সালে বাংলাদেশে জ্বালানির সবচেয়ে কমদামি উৎস হতে যাচ্ছে সৌরশক্তি। এদিকে, বাংলাদেশে এখন সৌরশক্তি খাতে বিনিয়োগ বাড়ছে। তাই ভবিষ্যতে সবুজ জ্বালানি খাতে কয়েক হাজার নতুন চাকরি সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে। ঢাকার সেন্টার ফর পলিসি ডায়ালগ গতবছর এক প্রতিবেদনে জানায়, নবায়নযোগ্য জ্বালানি খাতে ২০৩০ সালের মধ্যে ১৩ হাজার ৮০০ চাকরি তৈরি হতে পারে।

বাংলাদেশে এক দশক আগে সৌরশক্তির উৎস বলতে মূলত ছিল সোলার হোম সিস্টেম, যা কম দক্ষ কর্মীরাই স্থাপন করতে পারতেন। এগুলো সাধারণত ভবনের ছাদে স্থাপন করা হয়। তবে বর্তমানে বড় আকারের সোলার প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। ১০টি বড় আকারের (ভূমিতে স্থাপিত) সোলার প্রকল্প থেকে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়া সৌরশক্তি থেকে তিন হাজার মেগাওয়াটের বেশি বিদ্যুৎ উৎপাদনের বিভিন্ন প্রকল্প ইতিমধ্যে অনুমোদন পেয়েছে বা অনুমোদনের চূড়ান্ত পর্যায়ে আছে। এসব প্রকল্প বাস্তবায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলী ও টেকনিশিয়ান প্রয়োজন। তাই অভিজ্ঞতাসম্পন্ন কর্মীদের চাহিদা বাড়ছে। আল-মোস্তফা গ্রুপের সোলার প্রকল্পে ম্যানেজার হিসেবে কর্মরত প্রকৌশলী এসএম ইমরান হাসান থমসন রয়টার্স ফাউন্ডেশনকে জানান, আগে তাদের চাকরি খুঁজতে হত। আর এখন বিভিন্ন কোম্পানি তাদের খুঁজে নিচ্ছে। বাংলাদেশের শীর্ষস্থানীয় সোলার এনার্জি কোম্পানি জুলস পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক নুহার এল খান জানান, তরুণ কর্মীরা যেন প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারেন সে লক্ষ্যে কাজ করছেন নিয়োগদাতারা। “আমরা সদ্য পাস করা গ্রাজুয়েটদের নিয়োগ দেওয়ার চেষ্টা করছি যেন প্রকৌশল ও কমার্স বিষয়ে পড়াশোনা করা শিক্ষার্থীরা ক্যারিয়ার গড়তে নবায়নযোগ্য জ্বালানি খাতের কথা বিবেচনা করতে পারে," বলেন তিনি।

নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তি কোম্পানি এসওএলশেয়ার-এ প্রোডাকশন সুপারভাইজার হিসেবে কাজ করছেন ২৪ বছর বয়সি ফারজানা আক্তার ইশা। তার দলের সবাই নারী। ইশা বলেন, সঠিক দক্ষতা অর্জন করতে পারলে নারীরা যে সৌর খাতে ভূমিকা রাখতে পারে সেটা তারা প্রমাণ করছেন। যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা ইনস্টিটিউট ফর এনার্জি ইকোনমিক্স অ্যান্ড ফাইন্যান্সিয়াল অ্যানালিসিস গতমাসে এক প্রতিবেদনে জানায়, বাংলাদেশে যদি শিল্পখাত, বাণিজ্যিক ভবন ও অন্যান্য স্থাপনার ছাদে দুই হাজার মেগাওয়াট সোলার প্যানেল বসানো যায় তাহলে সরকার বছরে পাঁচ হাজার ২৩৬ কোটি থেকে ১০ হাজার ৯৭৭ কোটি টাকা সাশ্রয় করতে পারবে। বর্তমানে এসব স্থাপনার ছাদে বসানো সৌর প্যানেল থেকে ১৬১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২১.১.২৪ রিহাব)

# রেডিও টুডে

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার পর্দা উঠলো। রোববার বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে মাসব্যাপী এই মেলার উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী বলেন পরপর চারবার আওয়ামী লীগকে নির্বাচিত করেছে জনগণ। উন্নয়নশীল দেশে পদার্পণের এই সময়ে পরিকল্পনা গ্রহণ ও চ্যানেল মোকাবেলায় আওয়ামী লীগের ক্ষমতায় আসা খুব গুরুত্বপূর্ণ ছিল। তিনি আরো বলেন, আমার কাছে ক্ষমতা কোনো ভোগের বিষয় নয়, এটা দেশ ও মানুষের জন্য কাজ করার সুযোগ। এছাড়া উদ্‌বোধনী বক্তব্যে নতুন নতুন পণ্য উৎপাদন ও নতুন বাজার খোঁজার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০১.২৪ এলিনা)

## ক্রমে শক্তিশালী হচ্ছে ভারত-বাংলাদেশ দ্বিপক্ষীয় সম্পর্ক: এস জয়শঙ্কর

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমেই শক্তিশালী হচ্ছে। উগান্ডায় ১৯তম ন্যাম শীর্ষ সম্মেলনের ফাঁকে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদের সাথে বৈঠকের পর তিনি তার এক্স হ্যান্ডেলে লিখেছেন, ভারত-বাংলাদেশ সম্পর্ক ক্রমেই শক্তিশালী হচ্ছে। জয়শঙ্কর আরো লিখেছেন, তিনি বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদের সাথে দেখা করে আনন্দিত। শিগগিরই তিনি হাসান মাহমুদকে দিল্লিতে স্বাগত জানাতে উন্মুখ হয়ে আছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০১.২৪ এলিনা)

## দুই দিনের কালো পতাকা মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি

দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদের পাশাপাশি কারাবন্দি নেতা-কর্মীদের মুক্তির দাবিতে দুই দিনের কালো পতাকা মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আগামী ২৬ জানুয়ারি সারা দেশের জেলা সদর এবং পরদিন ২৭ জানুয়ারি সব মহানগরে এই কর্মসূচি পালন করবে দলটি। রোববার নয়াপল্টনে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা দেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। এ সময় তিনি বলেন, দেশের চারদিকে হাহাকার-দুর্ভিক্ষ পরিস্থিতি বিরাজ করছে। বিদেশিদের অভিনন্দনের নামে সরকার অপপ্রচার চালাচ্ছে।

(রেডিও টুডেঃ ১৩৪৫ ঘ. ২১.০১.২৪ এলিনা)

**সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা কিছুটা কমতে পারার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর**

দেশের বেশিরভাগ এলাকা জুড়েই শীতের অনুভূতি থাকবে আজ রোববারও। সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা কিছুটা কমতে পারে অর্থাৎ শীতের অনুভূতি বাড়তে পারে। তবে দিনে রোদ থাকতে পারে। ফলে ওই সময় শীত কিছুটা কমে আসবে। শৈত্যপ্রবাহের এলাকা আরো বিস্তৃত হতে পারে অর্থাৎ শৈত্যপ্রবাহ বয়ে যাওয়া এলাকা রাজশাহী , নওগাঁ, দিনাজপুর ও মৌলভীবাজারের আশপাশেও শীতল ওই আবহাওয়া ছড়িয়ে পড়তে পারে। আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাসে এমন তথ্যই জানানো হয়েছে। (রেডিও টুডেঃ ১৩৪৫ ঘ. ২১.০১.২৪ এলিনা)

**ভারতের কাছে বড় ব্যবধানে হেরে হোঁচট খেলোঅনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ দল**

চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্য নিয়েই অনূ র্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেটে অভিযান শুরু করতে চেয়েছিল বাংলাদেশ। তবে ব্যাটিং ব্যর্থতার জেরে বর্তমান শিরোপাধারী ভারতের কাছে ৮৪ রানের বড় ব্যবধানে হেরে নিজেদের প্রথম খেলায় হোঁচট খেলো লাল -সবুজের দল। দক্ষিণ আফ্রিকার ব্লুফন্টিং -এ শনিবার যুব বিশ্বকাপের এই গ্রুপের খেলায় টসে হেরে ব্যাটিংয়ের নামা ভারত ৭ উইকেটে তোলে ২৫১ রান। জবাবে ব্যাট করতে নেমে ৪৫ ওভার এক বলে ১৬৭ রান করে অলআউট হয় বাংলাদেশ। (রেডিও টুডেঃ ১৩৪৫ ঘ. ২১.০১.২৪ এলিনা)

**কারো স্বীকৃতির জন্য বসে নেই সরকারঃ ওবায়দুল কাদের**

বিএনপি আন্দোলনের নামে নাশকতার চালালে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে তা মোকাবেলা করবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন জনগণের বিপুল ভোটে আওয়ামী লীগ ফের সরকার গঠন করায় বিএনপি এখন হিংসার আগুনে জ্বলছে। রোববার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এ সময় ওবায়দুল কাদের বলেন নির্বাচিত সরকার হতাশাগ্রস্ত অবস্থায় রয়েছে , কারো স্বীকৃতির জন্য চাতক পাখির মত অপেক্ষায় বসে আছে এমনটি ভাবার কোনো কারণ নেই। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

**কলকারখানা গুলোতে শ্রমিক সংগঠন করার বিধান আরো সহজ করতে বলেছে যুক্তরাষ্ট্রঃ আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন , কলকারখানাগুলোতে শ্রমিক সংগঠন করার বিধান আরো সহজ করতে বলেছে যুক্তরাষ্ট্র। ঢাকায় নিযুক্ত মার্কিন দূতাবাসের দুই প্রতিনিধির সঙ্গে শ্রমিক অধিকা র নিয়ে কথা হয়েছে উল্লেখ করে আইনমন্ত্রী জানিয়েছেন গার্মেন্টস কারখানায় শ্রমিক সংগঠন করার ক্ষেত্রে ১০ ভাগ শ্রমিকের সম্মতির বিধান চায় যুক্তরাষ্ট্র। রোববার সচিবালয়ে মার্কিন দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি ম্যাথিউ বে ও লেবার অ্যাটাচে লীনা খানের সঙ্গে বৈঠক শেষে এ কথা জানান আইনমন্ত্রী। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘের মহাসচিব**

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন এবং তার নেতৃত্বের প্রশংসা করেছেন। রোববার বি কালে উগান্ডার কাম্পালায় তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী ড . হাছান মাহমুদ জাতিসংঘ মহাসচিবের সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে মহাসচিব বৈশ্বিক অর্থনীতির কাঠামো সংস্কারের ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকাকে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন এবং জাতিসংঘের নেতৃত্বে বেশ কয়েকটি বৈশ্বিক প্রক্রিয়ায় চ্যাম্পিয়ন হওয়ার জন্যও তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন।
(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

**আরো দুই মামলায় জামিন পেলেন খসরু**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী আরও দুই মামলায় জামি ন পেয়েছেন। রোববার ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তোফাজ্জল হোসেন তার এ জামিন আবেদন মঞ্জুর করেন। আমীর খসরু মাহমুদ চৌধুরীর আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন বলেন , আমীর খসরুর বিরুদ্ধে ১০টি মামলা দায়ের হয়েছিল। আজ প ল্টন ও রমনা থানার দুটি মামলায় তার জামিন মঞ্জুর করেছেন আদালত। অন্য দুটি মামলায় আগামী বুধবার অধিকতর জামিন শুনানির জন্য দিন ঠিক করেছেন আদালত। গত বৃহস্পতিবার পৃথক চার মামলায় আমীর খসরু মাহমুদ চৌধুরীর জামিন আবেদন মঞ্জুর করেন আদালত। বুধবার দুটি মামলায় তার জামিন আ বেদন মঞ্জুর করেন আদালত। সব মিলে আটটি মামলায় জামিন পেলেন আমীর খসরু মাহমুদ চৌধুরী। (রেডিও টুডেঃ১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

**দু-একদিনের মধ্যে ঢাকায় গ্যাস সরবরাহ পরিস্থিতি উন্নতি হবেঃ নসরুল হামিদ**

আগামী দু'এক দিনের মধ্যে ঢাকা ও এর আশপাশের গ্যাসের সরবরাহ পরি স্থিতি উন্নত হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। রোববার মন্ত্রণালয়ে সাংবাদিকের তিনি বলেন , আমরা আশা করছি ঢাকায় গ্যাসের ঘাটতি কমে আসবে এবং দু -একদিনের মধ্যে পরিস্থিতির উন্নতি হবে। তিনি বলেন গ্যাস সরবরাহ নিয়ে যে সংকট তৈরি হয়েছিল একটি আকস্মিক বিষয়। তিনি গ্রাহকদের ধৈর্য ধরতে অনুরোধ করেন।
(রেডিও টুডেঃ১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

## কিছু দিনের মধ্যে আমরা সার রপ্তানি করতে পারব: শিল্পমন্ত্রী

শিল্প মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেছেন , দেশে সারের কোনো সংকট নেই। দেশে দৈনিক ২৮০০ মেট্রিক টন সার উৎপাদন হচ্ছে। এতে আমদানির প্রয়োজন পড়ে না বরং কয়েকদিন পর বাংলাদেশই সার রপ্তানি করবে। রোববার রাজধানীর মতিঝিলের শিল্প মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতীয় হাই কমিশনার প্রণয় ভার্মা। সাক্ষাৎ শেষে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২১.০১.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## আমার গ্রামে দেখলাম, মোটামুটি সবাই দালান বানাচ্ছে: প্রধানমন্ত্রী

বাংলাদেশের মানুষের জীবনমান উন্নত হচ্ছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন , 'আমি আমার গ্রাম ঘুরে দেখলাম, যেখানে টিনের ঘর ছিল, সেখানে এখন সবাই মোটামুটি দালান বানাচ্ছে। আমার এলাকা বলে না , এটা কিন্তু সারা বাংলাদেশেরই চিত্র।' আজ রোববার বেলা সাড়ে ১১টায় বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা উ দ্বোধনকালে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন , 'দেশের মানুষের জীবনমান উন্নত হচ্ছে, চাহিদাও বাড়ছে। দেশের ভেতরে কিছু পণ্যের চাহিদা বাড়ছে। মানুষের ক্রয়ক্ষমতা বাড়ছে। ' রফতানিতে দুই-একটা পণ্যের ওপর নির্ভরশীল থাকলে চলবে না উল্লেখ করে তিনি বলেন , 'আমাদের রফতানি বহুমুখী করতে হবে। এটা নিয়ে বারবার বলছি, সেক্ষেত্রে সুযোগ বাড়াতে হবে। যে পণ্যটাকে বেশি সুযোগ দিচ্ছি তারাই সাফল্য করছে। অন্যান্য পণ্য কেন বাদ যাবে। তাদেরও আমাদের সুযোগ করে দিতে হবে। তারাও যাতে সুযোগ পায় ব্যবসা - বাণিজ্য করার।' প্রধানমন্ত্রী আরো বলেন , 'আমাদের পাট ও পাটজাত পণ্য পরিবেশবান্ধব। পাট বহুমুখী ব্যবহারের সুযোগ সৃষ্টি হয়েছে। এক্ষেত্রে গবেষণা অব্যাহত আছে। আমাদের খাদ্যপণ্য ধান থেকে শুরু করে ফল , তরকারি গবেষণা করে উৎপাদন বৃদ্ধি করেছি। একইভাবে পাটেরও উৎপাদন বহুমুখীকরণ করে পাটপণ্য রফতানির ভালো সুযোগ আছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## কারো স্বীকৃতির জন্য সরকার বসে নেই : সেতুমন্ত্রী

কারো স্বীকৃতির জন্য সরকার বসে নেই বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন , 'কারো রিকগনিশনের জন্য চাতক পাখির অপেক্ষায় বসে আছি , নির্বাচিত সরকার এমন দেউলিয়া অবস্থায় প ড়েছে, এটা মনে করার কোনো কারণ নেই। ' আজ রোববার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে এমন মন্তব্য করেন তিনি। কাদের বলেন , 'বিএনপি হিংসায় জ্বলছে। কারণ তারা নির্বাচনে অংশ না নিলেও দেশের বিপুল সংখ্যক মানুষ শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী নির্বাচিত করেছে। বিএনপি এখন ঈর্ষাকাতর।' সেতুমন্ত্রী বলেন, ' দেশপ্রেমিক সরকার হিসেবে আওয়ামী লীগ দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ব্যবস্থা নিচ্ছে। আর আন্দোলনের নামে বিএনপি সহিংসতার আশ্রয় নিলে তার বিরুদ্ধে আইন প্রয়োগকারী সংস্থা তাদের দায়িত্ব পালন করবে এবং রাজনৈতিকভাবে আমরাও মোকাবিলা করব।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আরো বলেন , ' বিএনপির তথাকথিত আন্দোলনের রূপরেখা কেউ দেখেনি। তাদের আন্দোলনের বিষয়টি স্পষ্ট নয়। তথাকথিত আন্দোলনের ডাক দিয়ে ব্যর্থ হয়ে বিএনপি এখন দেশে -বিদেশে হাসি-তামাশার পাত্রে পরিণত হয়েছে। তাদের কথিত আন্দোলন দেশের গণতান্ত্রিক সংস্কৃতি ধ্বংসের পাঁয়তারা বলে মনে করি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## ট্রেড ইউনিয়ন গঠনে প্রক্রিয়া সহজ করা হবে: আইনমন্ত্রী

শিল্প কারখানায় ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতির হার আরো কমিয়ে প্রক্রিয়া সহজ করার অনুরোধ জানিয়েছে যুক্তরাষ্ট্র।আজ রবেবার সচবিালযে আইন , বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হকের সঙ্গে সাক্ষাৎ করে মার্কিন দূতাবাসের কর্মকর্তারা এ অনুরোধ জানান। ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতি বা স্বাক্ষর নেওয়ার হার পর্যায়ক্রমে কমিয়ে প্রক্রিয়া সহজ করা হবে বলে তাদের জানিয়েছেন আইনমন্ত্রী। বৈঠক শেষে আনিসুল হক সাংবাদিকদের এসব তথ্য জানান। দূতাবাসের কর্মকর্তাদের সঙ্গে কী নিয়ে আলোচনা হলো , জানতে চাইলে মন্ত্রী বলেন , 'শ্রমিক অধিকার নিয়ে তারা তাদের বক্তব্য বলেছেন। এই আলোচনা কিন্তু গত বছর থেকে তাদের সঙ্গে আমাদের হচ্ছে। সময়ে সময়ে যে অগ্রগতি হয়েছে এবং আরো কোনো অগ্রগতি সম্ভব কি না , সেটা নিয়ে আলাপ-আলোচনা করে থাকি। সেই চলমান আলাপ-আলোচনার একটা পদক্ষেপ হিসেবেই আজকে আলোচনা হয়েছে। ' তিনি বলেন , 'আজকে আলোচনার বিষয়বস্তু ছিল, রাষ্ট্রপতির কাছে যে শ্রম আইনটা গিয়েছিল , সেটি একটি বিশেষ কারণে ফিরিয়ে দেওয়া হয়েছে। সেই কারণটা আগেও আপনাদের ব্যাখ্যা করেছি। সেই ব্যাপারটা আলোচনায় এসেছে।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## গরিবের টাকায় ধনীকে কম দামে ওয়াসার পানি খাওয়াব না: স্থানীয় সরকারমন্ত্রী

দেশের গরিব মানুষের ভ্যাট -ট্যাক্সের টাকায় ঢাকার অভিজাত এ লাকায় কম দামে ওয়াসার পানি সরবরাহের পক্ষে নন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। তিনি বলেন, 'সারাদেশের গরিব মানুষের কাছ থেকে আমরা ভ্যাট-ট্যাক্সের টাকা সংগ্রহ করি। সেই টাকা নিয়ে এসে ঢাকায় খরচ করতে হচ্ছে। গুলশানে যারা বসবাস করছেন, তাদেরও পানির দামে ভর্তুকি দেব। এটা কি যৌক্তিক ? গরিবের টাকা দিয়ে ধনীকে তো ভর্তুকি মূল্যে পানি

খাওয়াতে পারব না। ' ঢাকা ওয়াসার কর্মকর্তা -কর্মচারীদের সঙ্গে মত বিনিময় সভায় মন্ত্রী এসব কথা বলেন। আজ রোববার বেলা সাড়ে ১১টার দিকে রাজধানীর কারওয়ান বাজারে ওয়াসা ভবনে এ সভা র আয়োজন করা হয়। দ্বিতীয় মেয়াদে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব পাওয়ায় মন্ত্রীকে অভিনন্দন জানাতে এ আয়োজন করে ওয়াসা। ওয়াসার পানির দাম ও মান নিয়ে সমালোচনার জবাবে তাজুল ইসলাম বলেন , 'ঢাকা ওয়াসাতে পানির দাম বাড়ানো নিয়ে আমাকে সেভাবে তখন কি ছু বলা হয়নি। চট্টগ্রাম ওয়াসায় যখন দাম বাড়ানোর কথা উঠল , আমি বলেছিলাম হ্যাঁ, অবশ্যই দাম বাড়াতে হবে। আপনি পানি পান করবেন , ব্যবহার করবেন, এ পানির মূল্যটা কে দেবে? সেজন্য যখন আমাকে পানির দাম নিয়ে জিজ্ঞেস করা হয়েছিল , আমি স্পষ্টভাবে বলেছি, পানির দাম বাড়াতে হবে। কারণ পানির উৎপাদন খরচ বেড়েছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## ড. হাছান মাহমুদের সঙ্গে সৌদি পররাষ্ট্র বিষয়ক ভাইস মিনিস্টারের বৈঠক

উগান্ডার কাম্পালায় ন্যাম এবং ৭৭ জাতি গ্রুপ ও চীনের তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধি দলনেতা পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক করেছেন সৌদি আরবের পররাষ্ট্র বিষয়ক ভাইস মিনিস্টার ওয়ালিদ এল খেরেজি। আজ রোববার সকালে এ বৈঠকে ভাইস মিনিস্টার এল খেরেজি পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নতুন দায়িত্ব গ্রহণের জন্য ড. হাছান মাহমুদকে অভিনন্দন জানান। দুই ভ্রাতৃপ্রতিম দেশের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ এবং সংযোগ বৃদ্ধিসহ পারস্পরিক স্বার্থের বিভিন্ন বিষয়ে তারা আলোচনা করেন। উগান্ডার কাম্পালায় জোট নিরপেক্ষ আন্দোলন , ন্যাম ১৯তম শীর্ষ সম্মেলন এবং জি -৭৭ ও চীনের তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে রয়েছেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন , জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ এ মুহিত, কেনিয়া ও উগান্ডায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার তারেক মুহাম্মদ প্রমুখ।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## সমাজসেবার কাজে সবাইকে এগিয়ে আসতে হবে: সমাজকল্যাণ মন্ত্রী

জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে দেশ নির্মাণে আত্মনিয়োগের আহ্বান জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রী ডা . দীপু মনি। তিনি বলেন, 'দেশের ইতিহাস বুকে ধারণ করে মানুষের সেবায় সমাজসেবামূলক কাজে সবাইকে এগিয়ে যেতে হবে। ' আজ রোববার রাজধানীর আগারগাঁওয়ে সমাজসেবা একাডেমিতে এক প্রশিক্ষণ কর্মশালায় তিনি এসব কথা বলেন। সমাজ সেবা অধিদফতরের মহাপরিচালক ড . আবু সালেহ মোস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব খায়রুল আলম শেখ। মন্ত্রী বলেন, 'সরকারি কর্মচারীদের জ্ঞান ও দক্ষতার সঙ্গে সেবামূলক মানসিকতা নিয়ে জনগণের সেবা করতে হবে। ভবিষ্যতে স্মার্ট বাংলাদেশ গঠনে কর্মকর্তাদের সক্ষম হতে হবে। সরকার আর্থিক সচ্ছলতার দিকে নজর দিচ্ছে এটাতে সবাইকে মনোনিবেশ করতে হবে। ' ব্যক্তিগত দক্ষতা কাজে লাগানো র আহ্বান জানিয়ে দীপু মনি বলেন , 'এখন স্মার্ট বাংলাদেশ গড়ার যাত্রা দক্ষতার সঙ্গে এগিয়ে নিতে হবে। নীতি-নৈতিকতা ঠিক রেখে সেবা দেওয়ার মন-মানসিকতা গড়তে হবে। একার পক্ষে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব নয়, সবাই মিলে কাজ করতে হবে। এজন্য সবাইকে পরিশ্রম করতে হবে। প্রয়োজনে মানুষের পাশে দাঁড়াতে হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার পর্দা উঠলো

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার পর্দা উঠল। আজ রোববার দুপুর ১২টা ৫ মিনিটে মাসব্যাপী এ মেলার ২৮-তম আসরের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে সকাল ১০টা ৩৫ মিনিটে মেলা প্রাঙ্গণে উপস্থিত হন তিনি। আগের মতো মেলা চলবে সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত। সাপ্তাহিক ছুটির দিন চলবে রাত ১০টা পর্যন্ত। মেলায় প্রবেশ ফি ধরা হয়েছে বড়দের জন্য ৫০ টাকা, শিশুদের ২৫ টাকা। রফতানি বাণিজ্য উন্নয়নের অন্যতম প্রধান কৌশল হচ্ছে পণ্য উন্নয়ন ও পণ্যের বহুমুখী বাজার সৃষ্টিকরণ। পণ্যের বাজার সৃষ্টিকরণের অন্যতম প্রধান কৌশল হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্যমেলা আয়োজন ও মেলায় অংশগ্রহণ। দেশীয় পণ্যের প্রচার , প্রসার, বিপণন ও উৎপাদনে সহায়তার পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে বাণিজ্য মন্ত্রণালয় ও রফতানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে ১৯৯৫ সাল থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা আয়োজন করা হচ্ছে।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## দেশে মোট ভোটার ১২ কোটি ১৭ লাখ ৭৫ হাজার ৪৫০

দেশে মোট ভোটার সংখ্যা বেড়ে ১২ কোটি ১৭ লাখ ৭৫ হাজার ৪৫০ জনে দাঁড়িয়েছে। এদের মধ্যে পুরুষ ৬ কোটি ২০ লাখ ৯০ হাজার ১৩৭ জন, নারী ৫ কোটি ৯৬ লাখ ৮৪ হাজার ৩৮৯ জন এবং তৃতীয় লিঙ্গের ৯২৪ জন। আজ রোববার নির্বাচন কমিশনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ। তিনি বলেন, 'এটা খসড়া ভোটার তালিকা। আগামী ২ মার্চ চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। ' অশোক কুমার দেবনাথ বলেন , 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর মোট ভোটার বেড়েছে ২০ লাখ ৮৬ হাজার ১৬১ জন। এর মধ্যে নারী ৭ লাখ ৬৫ হাজার ৬৯০ জন, পুরুষ ১৩ লাখ ২০ হাজার ৩৯৬ জন এবং তৃতীয় লিঙ্গের ৭৫ জন। বাড়ি বাড়ি ভোটার তালিকা সংগ্রহ না করায় কমেছে নারী ভোটার। তবে যখন বাড়ি বাড়ি ভোটার সংখ্যা সংগ্রহ করা হবে তখন নারী ভোটার বাড়বে। ' তিনি

জানান, 'সর্বশেষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশে ভোটার ছিল ১১ কোটি ৯৬ লাখ ৮৯ হাজার ২৮৯ জন। এর মধ্যে পুরুষ ৬ কোটি ৭ লাখ ৬৯ হাজার ৭৪১ জন, নারী ৫ কোটি ৮৯ লাখ ১৮ হাজার ৬৯৯ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৮৪৯ জন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## সমর্থন পেতে দেশে দেশে ধরনা দিচ্ছে সরকার রিজভী

সরকার সমর্থন পেতে দেশে দেশে ধরনা দিচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ রোববার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। রিজভী বলেন, 'দেশের জনগণকে উপেক্ষিত করে সরকার যেকোনো উপায়ে বিদেশি রাষ্ট্রের সমর্থন জোগাড় করতে ব্যস্ত। দেশে দেশে ধরনা দিয়ে কাকুতি -মিনতি করছে। ডামি ভোটের নকল সরকার হীনমন্যতায় ভুগছে। কিন্তু ধরনা দিয়ে অভিনন্দন বার্তা আনা দেশের জন্য সম্মানজনক নয়। লুটের টাকায় ক্রয়কৃত অভিনন্দনের মাধ্যমে শেখ হাসিনার বৈধতা পাওয়ার চেষ্টা বড় হাস্যকর। ' তিনি বলেন, 'বাংলাদেশের ১৮ কোটি মানুষ আওয়ামী লীগের এই একদলীয় পাতানো নির্বাচনকে স্বীকৃতি দেয়নি। ভোট কেন্দ্রে না যাওয়াটা ই সেটির প্রমাণ। ডামি নির্বাচনের মাধ্যমে গঠিত দ্বিতীয় বাকশাল সরকারের বৈধতা পাওয়ার প্রশ্নই আসে না। জনগণ এই নির্বাচন , এই অবৈধ সংসদ কখনো মেনে নেবে না। জনগণ আন্দোলনের মাধ্যমে এই ডামি সরকারের পতন ঘটাবে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## আমার কাছে ক্ষমতা কোনো ভোগের বস্তু নাঃ প্রধানমন্ত্রী

টানা চারবার ক্ষমতায় আসতে পারায় জনগণের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন , আমার কাছে ক্ষমতা কোনো ভোগের বস্তু না। ' আজ রোববার বেলা সাড়ে ১১টায় বঙ্গবন্ধু বাংলাদেশ -চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে ২৮তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৪ উদ্‌বোধনকালে তিনি এ ঘোষণা দেন। প্রধানমন্ত্রী বলেন , '৭ জানুয়ারি জনগণের ভোটে নির্বাচিত হয়ে আপনাদের সামনে উপস্থিত হতে পেরেছি। বাংলাদেশের জনগণের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই। যে তারা স্বতঃ স্ফূর্ত ভোটের মাধ্যমে আমাদের আবার তা দের সেবা করার সুযোগ দিয়েছে। মহান রাব্বুল আলামিনের কাছে দোয়া চাই যেন খুব সফলভাবে বাংলাদেশের এই অপ্রতিরোধ্য অগ্রযাত্রা অব্যাহত রাখতে পারি। এজন্য সবার সহযোগিতা আমাদের কাম্য। নির্বাচনের সঙ্গে যারা সংশ্লিষ্ট ছিলেন সাবাইক আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।' শেখ হাসিনা ব লেন, 'বাংলাদেশের মানুষের কাছে কৃতজ্ঞ এজন্য যে টানা চারবার ক্ষমতায় আসতে পেরেছি। আমার কাছে ক্ষমতা কোনো ভোগের বস্তু না। আমার কাছে ক্ষমতা হলো দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের একটা সুযোগ। মানুষের কল্যাণে কাজ করার একটা সুযোগ , মানুষকে সেবা দেওয়ার একটা সুযোগ আমি আবা র পেয়েছি। এই সময়ে আমাদের সরকারে আসাটা খুব প্রয়োজন ছিল এই জন্য যে , এই ২০২৬ সালে উন্নয়নশীল দেশ হিসেবে যেসব সুযোগগুলো আমরা পাবো ব্যবসা -বাণিজ্য প্রসারে সেই সুযোগগুলো আমাদের যথাযথভাবে গ্রহণ করতে হবে। আমাদের যে চ্যালেঞ্জগুলো আসবে সেগুলোও মোকাবিলা করতে হবে। যদিও আমরা সরকারে থাকতেই এই গ্র্যাজুয়েশনটা হয়েছে। তখনই আমি মুখ্য সচিব দিয়ে কমিটি করে দিয়েছি , কী কী সুযোগ আসতে পারে আর কী কী চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে তার বি শদ কার্যক্রম আমরা শুরু করেছি। আমাদের আগাম প্রস্তুতি থাকলে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা খুব একটা কঠিন হবে না।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## হস্তশিল্প পণ্যকে বর্ষপণ্য ঘোষণা করলেন প্রধানমন্ত্রী

হস্তশিল্প পণ্যকে বর্ষপণ্য ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার বেলা সাড়ে ১১টায় বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে ২৮-তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা ২০২৪ উদ্‌বোধনকালে তিনি এ ঘোষণা দেন। তিনি বলেন , 'প্রতিবছর একটি পণ্যকে বর্ষপণ্য করে দেই। এবার হস্তশিল্প জাত পণ্যকে ২০২৪ সালের বর্ষপণ্য হিসেবে ঘোষণা করছি। কারণ এটা নারীদের কর্মসংস্থান তৈরি করবে। নারীদের স্বাবলম্বী করতে হবে , সেজন্য এটি তাদের সহায়ক হবে। নারীদের প্রশিক্ষণ দিতে হবে। নারীরা যেসব পণ্য তৈরি করবে সেগুলো চিহ্নিত করতে হবে। জয়িতা ফাউন্ডেশন করে দিয়েছি , সেখানে নারীরা নিজেদের তৈরি পণ্য নিজেরা বিক্রি করতে পারে। ' প্রধানমন্ত্রী বলেন, 'আজকের কূটনীতি রাজনৈতিক নয়, এটি হবে অর্থনৈতিক কূটনীতি। বিদেশে আমাদের সব দূতাবাসকে আমরা নির্দেশ দিয়েছি এখনকার ডিপ্লোমেসি এটা পলিটিক্যাল ডিপ্লোমেসি না , ইকোনমিক ডিপ্লোমেসি হবে। অর্থাৎ প্রত্যেকটি দূতাবাসকে ব্যবসা-বাণিজ্য, রফতানি, কোন দেশে কোন পণ্যের চাহিদা বেশি , কী আমরা রফতানি করতে পারি বা কোথা থেকে আমরা বিনিয়োগ আনতে পারি, সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য নির্দেশ দিয়েছি।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা জাতিসংঘ মহাসচিবের

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন এবং তার নেতৃত্বের প্রশংসা করেছেন। পররাষ্ট্র মন্ত্র ণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয় , আজ রোববার দুপুরে উগান্ডার কাম্পালায় তৃতীয় দক্ষিণ শীর্ষ সম্মেলনের সাইডলাইনে পররাষ্ট্রমন্ত্রী ড . হাছান মাহমুদ জাতিসংঘ মহাসচিবের সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে মহাসচিব বৈশ্বিক অর্থনীতির কাঠামো সংস্কারে র ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকাকে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন। একই সঙ্গে জাতিসংঘের নেতৃত্বে বেশ কয়েকটি বৈশ্বিক প্রক্রিয়ায় চ্যাম্পিয়ন হওয়ার জন্য প্রধানমন্ত্রী

শেখ হাসিনার প্রশংসা করেন গুতেরেস। এসময় বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে ফিলিস্তিনের গাজায় যুদ্ধ নিরসনে জাতিসংঘ মহাসচিবের সাহসী ও গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। পাশাপাশি রোহিঙ্গা ইস্যুকে জাতিসংঘের আলোচ্য সূচির শীর্ষে রাখার জন্য আন্তোনিও গুতেরেসকে অনুরোধ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## ভবিষ্যৎ পরিকল্পনা জানতে অপেক্ষা করতে হবে: যুব ও ক্রীড়ামন্ত্রী

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভবিষ্যৎ পরিকল্পনা জানতে আগামী সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে হবে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপন। আজ রোববার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে এক সভার শুরুতে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। বাংলাদেশের ক্রীড়াঙ্গন নিয়ে কী পরিকল্পনা, আগের কাজগুলোর কী অবস্থা, এসব কিছু নিয়ে জানতে চাওয়া হলে পাপন বলেন, 'নিজে জানার পরই এসব নিয়ে কথা বলব।' আগের প্রকল্পগুলোর অগ্রগতি ও অনেক প্রকল্পের বাজেট বাড়ানো হলেও কাজের তেমন অগ্রগতি হয়নি সে বিষয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, 'প্রথম কথা হচ্ছে, এর পেছনে ব্যত্যয় আছে কি না, তা জানতে হবে। যদি যৌক্তিক কারণ থাকে, তাহলে তো আর কিছু বলার নেই। আর যদি স্পেসিফিক ওইরকম কিছু না থাকে, তাহলে সেগুলো আগামীতে কীভাবে এড়ানো যায়, এনশিউর করব।' ক্রীড়ামন্ত্রী হিসেবে ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে জিজ্ঞেস করা হলে পাপন বলেন, 'এগুলো সম্পর্কে আগে আমাকে জানতে হবে। না জেনে কিছু বলতে চাই না। আগে জানি, তারপর আপনাদের জানাব। এজন্য পরের সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## পরিকল্পনা মন্ত্রণালয় মহাসাগর, বুঝতে আরো সময় লাগবে: পরিকল্পনামন্ত্রী

সদ্য বিদায়ী পরিকল্পনামন্ত্রী এম এ মান্নানের প্রসংশা করে পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আব্দুস সালাম বলেছেন, 'পরিকল্পনা মন্ত্রণালয় একটা মহাসাগর। মাত্র ৫ দিনে সাঁতার কাটা অত্যন্ত দুষ্কর ব্যাপার। আমি মূলত একজন সৈনিক মানুষ। আমি সেনাবাহিনীতে ২৯ বছর চাকরি করেছি। বাকি সময় রাজনীতি করেছি, সাধারণ মানুষের কাছে থেকেছি। মন্ত্রণালয়ের অভিজ্ঞতা অত্যন্ত কম। পরিকল্পনা কমিশনের কাজ বোঝার জন্য ও জানার জন্য আমাদের আরো সময় লাগবে।' আজ রোববার নগরীর পরিকল্পনা মন্ত্রণাল য়ের এনইসি মিলনায়তনে সদ্য সাবেক পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান ও পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলমের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। পরিকল্পনা মন্ত্রণালয় প্রসঙ্গে আব্দুস সালাম বলেন, 'সবে মাত্র এ মন্ত্রণালয়ে দায়িত্ব নিয়েছি। সবকিছু বুঝতে কিছুটা সময় লাগবে। এ মুহূর্তে আমি পরিকল্পনা কমিশনের যে প্রজেক্টস আছে, সেই প্রজেক্টের চাপায় পড়ে আছি। এখান থেকে বের হতে পারছি না এখনো। তবে সময়ের সঙ্গে সঙ্গে সবকিছু সহজ হয়ে যাবে বলে আমি মনে করি। কারণ আমি কাজের মানুষ। এম এ মান্নানকে আমি আগে থেকেই জানি। তার সঙ্গে আমার আগে থেকেই পরিচয় ছিল। তিনি যথাযথভাবে এখানে মেধার পরিচয় দিয়েছেন। তার যে সহকর্মী ছিলেন শামসুল আলম সাহেব, তাদের প্রচেষ্টায় পরিকল্পনা মন্ত্রণালয় অনন্য উচ্চতায় গেছে। এম এ মান্নান অত্যন্ত সফল সিভিল সার্ভেন্ট, সফল রাজনীতিবিদ।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## গ্যাসের সংকট দুই-একদিনের মধ্যে দূর হবে: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

আগামী দুই-একদিনের মধ্যে চট্টগ্রাম ও ঢাকার গ্যাস সংকট দূর হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। আজ রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, 'আমাদের দুটি ভাসমান এলএনজি টার্মিনাল, এফএসআরইউ। একটি মেরামতের জন্য আমরা বিদেশে পাঠিয়েছিলাম। এসে কাজ শুরু করার সময় কিছু সমস্যা দেখা গেছে। দ্বিতীয় এফএসআরইউতেও কিছু সমস্যা দেখা গেছে। আজকের দি নে দুটি এফএসআরইউ -ই চালু আছে। দুটির মধ্যে একটি আবার মেরামতে চলে যাবে। যেটা বিদেশ থেকে এসেছে, সেটি পূর্ণদমে কাজ শুরু করেছে।' প্রতিমন্ত্রী বলেন, 'আমরা আশাবাদী, চট্টগ্রামে যে গ্যাস সংকট, ঢাকায় যে গ্যাস সংকট, সেটা আগামী এক-দুই দিনের মধ্যে আরো ভালো পরিস্থিতিতে যাবে। এটা একটা সুখবর। এটা একটা আকস্মিক বিষয়। আমি বলেছিলাম সাময়িক। শীতের সময় বিশেষ করে বাসা-বাড়িতে গ্যাসের সমস্যা দেখা দেয়।' এ মুহূর্তে গ্যাসের চাহিদা ৩ হাজার ৮০০ এমএমসিএফ জানিয়ে তিনি বলেন, 'এখন আমরা দিতে পারি ৩ হাজার ২০০ এমএমসিএফ এর মতো। একটা গ্যাপ আমা দের থেকে যাচ্ছে, বিশেষ করে শিল্প এবং বিদ্যুতের ক্ষেত্রে। বেশ কিছুদিন গ্যাস ছিল না এজন্য কিছু বিদ্যুৎ কেন্দ্র বন্ধ রাখতে হয়েছে। এজন্য কিছু স্বল্পতা পাওয়ার প্ল্যান্টে দেখা গেছে। আমরা আশা করছি এটি আজ-কালকের মধ্যে সমাধান হয়ে যাবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## ফের প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

সজীব আহমেদ ওয়াজেদকে আবারো প্রধানমন্ত্রীর অবৈতনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। আজ রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক, প্রশাসন মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এর আগের সরকারেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা ছিলেন তিনি। এর আগে গত ২৯ নভেম্বর এই পদ থেকে পদত্যাগ করেন তিনি। ওইদিন প্রধানমন্ত্রীর সহকারী

প্রেস সচিব এম এম ইমরুল কায়েস তার পদত্যাগের তথ্য নিশ্চিত করেন। গত ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করে সরকার গঠন করে আওয়ামী লীগ।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

**চীনের কাছে বাংলাদেশ খুবই গুরুত্বপূর্ণ: চীনা রাষ্ট্রদূত**

বাংলাদেশের আর্থিক খাতের কাজ চীন এগি য়ে নিতে চায় বলে জানিয়েছেন দেশটির রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। তিনি বলেন, ' চীনের কাছে বাংলাদেশ খুবই গুরুত্বপূর্ণ। বর্তমান অর্থমন্ত্রী আমাদের পুরোনো বন্ধু। তিনি আগে যখন পররাষ্ট্রমন্ত্রী ছিলেন, তখনো আমাদের সম্পর্ক এগিয়ে নিয়েছেন। ' আজ রোববার নতুন অর্থমন্ত্রী আবুল হাসা ন মাহমুদ আলীর সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা বলেন চীনের রাষ্ট্রদূত। চীনের অর্থছাড় এত ধীরগতির কেন , এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা দ্বিপাক্ষিক আলোচনা করে উভয়ের লাভের জন্যই কাজ করি। বাংলাদেশের আর্থিক খাতের কাজ এগিয়ে নেওয়ার জন্য বর্তমান অর্থমন্ত্রীর সঙ্গে কাজ করব।' এসময় অর্থমন্ত্রী বলেন, 'আমি চীনে অনেকবার গিয়েছি। দেখা যাক কী করা যায়।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

**রুপিতে বাণিজ্য বাড়াতে চায় ভারত**

রুপিতে বাণিজ্যের যে প্রক্রিয়া শুরু হয়েছে তা আরো বাড়িয়ে দুই দেশের ব্যবসায়ীদের জন্য সুযোগ -সুবিধা বৃদ্ধি করা দরকার বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে প্রণয় ভার্মা এ কথা জানান। আজ রোববার শিল্পমন্ত্রীর অফিস কক্ষে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় শিল্প মন্ত্রণালয় ও ঢা কাস্থ ভারতীয় হাইকমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে উভয়পক্ষ ব্যবসা -বাণিজ্য সম্প্রসারণে সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। ভারতীয় হাইকমিশনার বলেন , ' ভারত মাঝারি ও ক্ষুদ্র শিল্পে সহযোগিতা করতে আগ্রহী। ' এসএমই খাতকে দুইদেশের অর্থনীতির মেরুদণ্ড উল্লেখ করে তিনি বলেন, 'আমরা একে অন্যের কাছ থেকে শিখতে পারি। আমরা রুপিতে বাণিজ্যের যে প্রক্রিয়া শুরু করেছি , তা আরো বাড়িয়ে দুইদেশের ব্যবসায়ীদের জন্য সুযোগ -সুবিধা বৃদ্ধি করা দরকার। ' এসময় শিল্পমন্ত্রী বলেন, 'আমরা টেকনোলজি খাতে এবং সিমেন্ট উৎপাদনের কাঁচামাল সরবরাহের জন্য ভারতের সহযোগিতা নিতে পারি। বাংলাদেশের বিএসটিআই এবং বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড , বিএবি এর সঙ্গে ভারতের সমজাতীয় প্রতিষ্ঠানের সহযোগিতার ক্ষেত্র বৃদ্ধি করা দরকার।' সাক্ষাৎ শেষে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে শিল্পমন্ত্রী আরো বলেন, 'বর্তমানে দেশের সার কারখানাগুলোতে সার উৎপাদিত হচ্ছে এবং আমদানিকৃত সারের পর্যাপ্ত মজুত রয়েছে। আশা করি, আগামী মৌসুমে সারের কোনো সংকট হবে না।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

**করোনায় একজনের মৃত্যু, শনাক্ত ৩৪**

দেশে ফের বাড়ছে করোনা আক্রান্তে র সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩৪ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এসময়ে দেশে করোনায় আরো একজন মৃত্যুর তথ্য জানা গেছে। এ নিয়ে চলতি বছরের জানুয়ারি মাসে করোনায় মারা গেলো ৩ জন। এ নিয়ে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮০ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৬ হাজার ৭৫৮ জনে। আজ রোববার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। করোনায় আক্রান্ত হয়ে বর্তমানে হাসপাতালে ভর্তি আছেন ১৯ জন। এরমধ্যে ৬ জন সাধারণ বেডে, ১১ জন আইসিইউতে এবং এইচডিউতে ভর্তি আছেন ২ জন। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৫৭৪টি নমুনা পরীক্ষায় ৩৪ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৩২ জন ঢাকার এবং দুইজন কক্সবাজারের। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৯২ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্য থেকে সেরে উঠেছেন ১৮ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ১৭১ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪১ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২১.০১.২০২৪ প্রতীক)

## BBC

**NETANYAHU DEFIES BIDEN OVER PALESTINIAN STATE**

Israel's Prime Minister Benjamin Netanyahu has again rejected the idea of creating a Palestinian state. His comments came hours after a phone call with US President Joe Biden after which the US leader indicated Mr Netanyahu may still accept the idea. Mr Netanyahu's remarks appeared to deepen a public divide with the US. The US believes a Palestinian state alongside Israel - known as a two-state solution - is vital for long-term stability. Speaking to reporters after the two leaders held a call for the first time in almost a month, Mr Biden insisted a two-state solution was still possible with Mr Netanyahu in office.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**US PERSONNEL INJURED IN MISSILE ATTACK ON IRAQ BASE**

A number of US military personnel have been injured in a missile attack on an airbase in western Iraq. The US military's Central Command said an Iran-backed militia targeted the Al-Asad airbase, which hosts American troops, with ballistic missiles and rockets on Saturday evening. An unspecified number of US personnel were undergoing evaluation for traumatic brain injuries. At least one Iraqi service member was wounded in the attack. The strike against the base was claimed by a group calling itself the Islamic Resistance in Iraq.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**ARMENIANS FIGHT CONTROVERSIAL JERUSALEM LAND DEAL**

While Christmas may be a distant memory for many, the Armenians of Jerusalem only just held their annual celebration on 19 January. This year, the holiday was overshadowed by the war in Gaza and the ongoing threat to the survival of the community from a deeply controversial real estate deal. Many spent the day in an unconventional fashion, joining a sit-in at a tent in their church car park, which is part of a large plot at risk in the Armenian Quarter of the walled Old City. This illegal, treacherous land deal actually brought us all together, says Setrag Balian, a ceramicist turned activist.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**AIR STRIKE ON SYRIA WILL NOT GO UNANSWERED: IRAN**

Iran's president said an air strike on the Syrian capital that killed five senior members of Iran's security forces will not "go unanswered". Ebrahim Raisi said Israel was to blame for the attack, which also killed a number of Syrian forces. Israel has not commented. For years it has carried out strikes on Iranian-linked targets in Syria. Such strikes have intensified since the Israel-Gaza war began following Hamas's 7 October attacks on Israel. In a statement posted on the president's officials’ website, Mr Raisi expressed his condolences to the families of the high-ranking martyrs. (BBC Web Page: 21/01/24, FARUK)

**RED SEA SCARY FOR SHIPS CREWS: CAPTAIN**

The situation is quite scary. It's dangerous actually, Captain Chirag tells the BBC from on board his ship. Along with his crew, he's worried about the ongoing attacks on commercial ships in the Red Sea area. Since November, Iran-backed Houthi rebels in Yemen have repeatedly tried to board vessels or hit them with missiles. Despite US and UK-led air strikes, they have vowed to continue attacking a vital route for global trade. Captain Chirag, who didn't want his full name or that of his vessel disclosed because of security concerns, says that on the day those air strikes happened his company told him to have an evacuation plan ready to get to a safe location. In the end it wasn't needed.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**DEADLY MARKET BLAST HITS RUSSIA-HELD UKRAINE CITY**

At least 25 people were killed in a shelling attack in the Russian-held city of Donetsk, the Moscow-installed leader of the region said. Denis Pushilin said a Ukrainian strike, which also injured 20 people, hit a busy market. He said emergency services were working at the scene, and that information on the number of dead and wounded was still being collected. There was no immediate comment from Ukraine on the incident.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**UKRAINE DRONES HIT ST PETERSBURG GAS TERMINAL**

An explosion has occurred at a gas export terminal near the city of St Petersburg in Russia, officials say. The blast caused a large fire, state-owned RIA Novosti news agency said. It said the fire had been contained, and there were no reports of injuries. The cause of the fire is not known, but local media have reported that drones had been seen in the area. Ukraine usually does not admit such attacks. But Ukrainian media cited sources saying Kyiv was behind it. Both Russia and Ukraine have used drones in the current conflict.
(BBC Web Page: 21/01/24, FARUK)

**PHILIPPINES LEADER DEFENDS TAKING HELICOPTER TO GIG**

The president of the Philippines is facing criticism on social media for using a presidential helicopter to attend a Coldplay concert in a province north of the capital, Manila. Ferdinand Marcos Jr and his wife were spotted arriving at the Philippine Arena via helicopter on Friday. Critics have called this a misuse of government resources. Mr Marcos Jr's office defended the move, citing unforeseen traffic complications. (BBC Web Page: 21/01/24, FARUK)

**GAZA DEATH TOLL SURPASSES 25,000 AS ISRAEL ESCALATES ASSAULT**

The Palestinian death toll in Israel's assault on Gaza has surpassed 25,000, according to the Ministry of Health in the territory. Ministry spokesperson Ashraf al-Qudra said on Sunday that 178 people had been confirmed killed in the previous 24 hours, with the death toll in more than three months of Israel's war on Gaza reaching 25,105. The Israeli bombardment began after Hamas's surprise attack on southern Israel on October 7 killed at least 1,139 people. Around 250 other people in Israel were taken hostage by Palestinian armed groups. (BBC Web Page: 21/01/24, FARUK)

## :: The End ::